দ্রুতমিতি সদ্যঃ শম্বরভোগসুখার্থং পাঠান্তরে বৃহত্ত্ববলবত্ত্বাদিনা অন্যমীনতো বিলক্ষণং ॥ ৫ ॥

মায়াবত্যৈ মায়য়া শম্বরমোহনাং বিবিধাদ্ভুতমায়াবিত্বাদ্বা তন্নামৈব খ্যাতায়ৈ রত্যৈ ন্যবেদয়ন্ অর্পয়ামাসুঃ তস্যাঃ সূদাধিপত্যাৎ শঙ্কিতং বালোঽয়মতিসুন্দরঃ মৎপতিতুল্যরূপঃ কথং মৎস্যগর্ভে জাতঃ অন্যত্র বোৎপন্নশ্চেৎ কথমত্র ন মৃতঃ অতো দেববরোঽয়ং কশ্চিন্মদ্ভর্ত্তৈব বা স্যাদিত্যাদ্যাশঙ্কাযুক্তং চেতো যস্যাস্তস্যাঃ, সর্ব্বমিত্যেব বিবৃণোতি—বালস্যেতি। মৎস্যোদরে নিবেশনং চ প্রবেশকারণম্ ॥ ৬ ॥

ত্বর্থে চশব্দঃ শম্বরতো ভেদাং বৈ প্রসিদ্ধৌ যশস্বিনীতি শম্বরপত্নীত্বাদিকং নিরস্তং নিঃশেষেণ ভস্মসাত্ত্বয়া দগ্ধদেহস্যাপি দেহস্যোৎপত্তিং আত্মনো দাহাভাবাৎ কামদেবত্বেন সদা সর্ব্বেষাং হৃদ্যনঙ্গরূপেণ বর্ত্তমানত্বাচ্চ প্রতীক্ষমাণা শম্বরগৃহে অবসদিতি শেষঃ। তচ্চ শ্রীনারদস্য শ্রীরুদ্রস্য বা প্রসাদাৎ দেবতাত্বেন স্বজ্ঞানপ্রভাবাদেব বেতি জ্ঞেয়ং যশস্বিনীত্বাদেব কেবলসূপস্য অদনস্য চ ভক্তসাধনে পাচন এব নিরূপিতা নিযুক্তা তয়োঃ সদা পরমোত্তমতায়া অপেক্ষ্যত্বাৎ কিম্বা উপলক্ষণমেতৎ সর্ব্বপাকাধিকার এব নিরূপিতা তথা চ শ্রীবিষ্ণুপুরাণে "কারয়ামাস সূদানামাধিপত্যমনিন্দিতা" ইতি শ্রীপরাশরাদিমতে চ শম্বরস্য ভার্য্যাত্বেন স্থিতাপি তৎসঙ্গরহিতৈবাসীৎ তথা চ শ্রীবিষ্ণুপুরাণে শ্রীরুক্মিণীং দেবীং প্রতি শ্রীনারদোক্তৌ—

"ইয়ং মায়াবতী ভার্য্যা তনয়স্যাস্য তে সতী।
শম্বরস্য ন ভার্য্যেয়ং শ্রূয়তামত্র কারণং ॥

---

(১) সদার্ভকে, তমর্ভকে ইতি চ পাঠান্তরং।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন্মথে তু গতে নাশং তদুদ্ভবপরায়ণা।
শম্বরং মোহয়ামাস মায়ারূপেণ রূপিণী ॥
ব্যবায়াদ্যুপভোগেষু রূপং মায়াময়ং শুভং।
দর্শয়ামাস দৈত্যস্য তস্যেয়ং মদিরেক্ষণা ॥ ইতি

ঈদৃশং শ্রীহরিবংশেঽপি স্নেহং প্রেমবিলাসং স্নেহাচরণপ্রকারশ্চোক্তঃ শ্রীহরিবংশে "ধাত্র্যাস্তং সা সমর্পয়ং। রসায়নপ্রয়োগৈশ্চ শীঘ্রমেব ব্যবর্দ্ধয়ৎ" ইতি ॥ ৭—৮ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃতভাগবতচন্দ্রচন্দ্রিকা।

কৈবর্ত্তাঃ দাশাস্তং মহামীনং শম্বরায়োপায়নমুপাজহ্রুঃ সমর্পয়ামাসুঃ ততঃ সূদাঃ পাচকাঃ ছেত্তারো বা মহানসং পাকগৃহং প্রতি তং মীনং প্রাপ্য স্বধিতিনা শস্ত্রবিশেষেণাবদ্যন্ খণ্ডিতবন্তঃ ॥ ৫ ॥

তদা তস্য মৎস্যস্যোদরেঽদ্ভুতং বালং দৃষ্ট্বা তং মায়াবত্যৈ রত্যৈ মন্মথপত্ন্যৈ রত্যাখ্যায়ৈ শম্বরেণ প্রসহ্যাহৃত্য মহানসে স্থাপিতায়ৈ ন্যবেদয়ন্ কোঽসাবয়ং বাল ইতি মম ভর্ত্তেব স্থিতঃ কিম্বা স এবায়মিত্যেবং শঙ্কিতং চেতো যস্যাস্তস্যা মায়াবত্যাঃ নারদঃ তৎসর্ব্বং কথয়ামাস কিং তৎসর্ব্বং যদকথয়ত্তত্রাহ—বালস্যেতি। তত্ত্বম্ যাথাত্ম্যং কাম এবায়মিত্যেবংবিধং মৎস্যোদরনিবেশনাদিকং চেতি সর্ব্বমকথয়ৎ ॥ ৬ ॥

সা চেতি। সা শম্বরেণ সূদৈঃ সহৌদনসাধনে পাকগৃহে নিরূপিতা সূদানাং পরিচারকতয়া স্থাপিতা মায়াবতী পত্যুঃ কামস্য দেহোৎপত্তিং প্রতীক্ষমাণা স্থিতা সতী তং শিশুং নারদমুখাৎ কামদেবং জ্ঞাত্বা তস্মিন্নর্ভকে সদাবিচ্ছিন্নং স্নেহং চক্রে ॥ ৭—৮ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃতপদরত্নাবলী।

কৈবর্ত্তাঃ মৎস্যমারকাঃ "কৈবর্ত্তৌ দাশধীবরৌ" ইতি চ মহানসং পাকস্থানং স্বধিতিনা পরশুনা "পরশ্বধঃ কুঠারঃ স্যাৎ পরশুঃ স্বধিতিস্তথা" অবাদ্যন্ অখণ্ডয়ন্ "দো অবখণ্ডনে" ইতি ধাতুঃ ॥ ৫ ॥

মায়াবতী শম্বরস্য মহানসাধ্যক্ষস্ত্রী, কিমকথয়দত্রাহ—বালস্যেতি। মৎস্যোদরনিবেশনং মৎস্যোদর প্রবেশম্ ॥ ৬—৭ ॥

পক্কানাং সূপানাং মুদ্গানাং বাহ্যপদংশানামোদনস্য চ সাধনে সংস্কারে যদ্বা সূপাদিসাধনে অধ্যক্ষতয়া সাধনে সেকসাধনে বিধ্যুপায়নিবৃত্তিষু—

"মরণে মৃতসংস্কারে বাচনে নূনমেব চ।
সেনাগ্রে যাতনায়াঞ্চ সেচনে স্ফূর্ত্তিসেবয়োঃ" ॥

ইতি ॥ ৮ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃতসুবোধিনী।

সোঽপ্যবিচার্য্যৈব সূদেভ্যঃ পাচকেভ্যো বা দত্তবান্ সূদাঃ পুনঃ মহানসং স্থানং নীত্বা অবদ্যন্ ততঃ অদ্ভুতং বালকং তস্য উদরে দৃষ্ট্বা মায়াবত্যৈ ন্যবেদয়ন্ সা হি রতিঃ কামস্য ভার্য্যা আসীৎ ততো দগ্ধে কামে তদ্ভার্য্যা যদা শম্বরেণ অনীয়ত তদা মায়া তস্যাং প্রবিষ্টা তদা মায়াবতীতি নাম প্রাপ্তবতী সা চ তেন প্রতিক্ষণং মায়য়া মোহিতেন পাকাধ্যক্ষা নিরূপিতা ততো বালকঃ মায়াবত্যা দৃষ্টঃ কোঽপ্যয়ং কপটেন মাং গ্রহীষ্যতীতি ভয়াৎ শঙ্কিতচিত্তা জাতা ॥ ৫ ॥

ততো নারদঃ পুনরাগত্য তাং বোধিতবান্ ইত্যাহ—নারদোঽকথয়দিতি। বালস্য তত্ত্বং কামত্বমুৎপত্তিং কৃষ্ণাৎ নারদপ্রেরণয়া শম্বরদ্বারা মৎস্যোদরনিবেশনং ততোঽত্রাগমনন্তু স্পষ্টমেবেতি ত্রয়মুক্তং সাত্ত্বিকং রাজসং তামসং স যদ্যয়ং মৎস্যোদরে ন নিবিষ্টঃ স্যাৎ তদাগ্রে ভগবতঃ কামাৎ স্ত্রীবিবাহা অযুক্তাঃ স্যুঃ ॥ ৬ ॥

ততস্তয়া জ্ঞাত্বা স গৃহীত ইতি বক্তুং তস্যাঃ স্বরূপমাহ—সা চেতি। তস্যাঃ আকাঙ্ক্ষিত এবায়ং স্থিতঃ চকারস্বর্থসমুচ্চয়ার্থঃ নারদঃ অকথয়ৎ সাপ্যাকাঙ্ক্ষা যুক্তেতি কামস্যৈব পত্নী নতু যস্য কস্যচিৎ রতিরিতি তস্যা নামেতি প্রসিদ্ধিঃ অনেন লোকেঽপি তস্যা নিন্দাভাব উক্তঃ যথা কামঃ পুরুষেষু তথা রতিঃ স্ত্রীষু প্রতিষ্ঠিতেতি প্রসিদ্ধিঃ কিঞ্চ যশস্বিনী প্রাপ্তযশাঃ অতো যশঃসম্বন্ধাৎ নাকীর্ত্তিসম্ভাবনা। নন্বেতাদৃশী ভর্ত্তৃমরণে বৈধব্যধর্ম-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিপালনায় যোগ্যা কথং রূপান্তরস্থপতিং গৃহীতবতী তত্রাহ—পত্যুর্নির্দ্দগ্ধদেহস্যেতি। ন হি পতির্মৃতোঽস্তি অন্যথা জগদুৎপত্তিরেব ন স্যাৎ কিন্তু দেহ এব দগ্ধঃ তস্যোৎপত্তিমেব প্রতীক্ষতে॥ ৭॥

তস্যাস্তত্রাগমনে হেতুমাহ—নিরূপিতেতি। সূপৌদনানাং পাচনে সা হি মায়াং জানাতি সূপকারাণাং তন্মায়া প্রাণহারিণী ভবতীতি তদ্রক্ষার্থং পাকস্থানে নিযুক্তা অনেন ভক্ষ্যভোজ্যাদিসম্পত্তিঃ তস্যাঃ সিদ্ধা লোকাঃ তস্যাঃ পুত্রত্বেন তং জানন্তি সা তু ন পুত্রত্বেন তং প্রতিপালিতবতী অপি তু কামমেব বুদ্ধা তত্রাপি দেবং পতিং শিশুত্বেন সমাগতম্ অর্ভকে স্নেহং চক্রে॥ ৮॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃতসারার্থদর্শিনী।

অবদ্যন্ অবাদ্যন্ খণ্ডিতবন্তঃ॥ ৫॥

সর্ব্বং কামোঽয়ং তব ভর্ত্তেতি॥ ৬॥

দেহোপপত্তিমিতি মাৎস্যে কথা—ভস্মীভূতে দেহে সতি রতিস্তদ্দেহপ্রাপ্ত্যর্থং শিবমারাধয়ামাস শম্বরশ্চাগতো বরান্তরায় শিবস্তুষ্টঃ প্রথমং বরং বৃণ্বিতি শম্বরং প্রত্যাহ স্ম সচ রতিং দৃষ্ট্বা কামার্ত্তস্তামেব বব্রে ততঃ শিবো রুদতীং রতিং সান্ত্বাসমাহ—যাহ্যস্য সঙ্গে তত্রৈব তে বাঞ্ছিতসিদ্ধির্ভাবিনীতি। ততো রতির্মায়য়ৈব শম্বরং মোহয়িত্বা স্পর্শরহিতৈব তদ্গৃহে মায়াবত্যভিধানা তস্থৌ॥ ৭—৯॥

শ্রীমৎবলদেববিদ্যাভূষণকৃতবৈষ্ণবানন্দিনী।

তমিত্যর্দ্ধকং স্বধিতিনা শস্ত্রিকয়াঽবদ্যন্ খণ্ডয়ামাসুঃ অডভাব আর্ষঃ অদ্ভুতং বৃহত্ত্বাদিনা বিস্ময়করমিতি উপায়নত্বে হেতুঃ॥ ৫॥

বালং বাদ্ভুতং দৃষ্ট্বা মায়াবত্যৈ তত্র নিজবিদ্যাপ্রকাশনেন তন্নাম্ন্যৈ রত্যৈ অতিমনোজ্ঞো মৎপতিতুল্যরূপোঽয়ং বালো মৎস্যোদরাৎ কথং নির্গত ইতি শঙ্কিতচেতসস্তস্যাঃ সর্ব্বং নারদোঽকথয়ৎ সর্ব্বমিতি বিবৃণোতি—বালস্যেতি। অয়ং বালো ভগবান্ প্রদ্যুম্নস্ত্বৎপতিঃ কামস্যেতৎসাযুজ্যভাগিতি তত্ত্বং স্বরূপং উৎপত্তিং রুক্মিণ্যাং জনিং মৎস্যোদরে নিবেশনং তৎকারণঞ্চাকথয়দিত্যনুষঙ্গঃ স্বপত্যভেদেন প্রদ্যুম্নস্যোপাসনাত্তস্যা ন ব্রতভঙ্গঃ অনিরুদ্ধমাতা তু তস্য সাক্ষাচ্ছুক্রিরিতি বোধ্যম্॥ ৬॥

দেহোৎপত্তিমিত্যত্র মাৎস্যে কথাস্তি রুদ্রেণ কামে দগ্ধে রতিস্তদ্দেহলাভায় তমুপাসাঞ্চক্রে শম্বরোঽপি বরান্তরায় তুষ্টেন রুদ্রেণ বরং বৃণ্বিত্যুক্তঃ শম্বরস্তত্র রতিং বীক্ষ্য কামার্ত্তস্তামেব বব্রে ততশ্চোপাসিতেন তেন রতিরপ্যুচে যাহ্যস্য সঙ্গে তবাভীষ্টং ভাবীতি ততঃ সা তদ্দেহগতা মায়য়ৈব তং মোহয়িত্বা তেনাস্পৃষ্টা তত্র স্থবসদিতি তন্মায়য়া বিমোহাত্তং বালং সোঽপি ন পরিচিতবানিতি বোধ্যম্॥ ৭॥

সূপৌদনসাধনে নিরূপিতা তত্র দত্তাধিকারা॥ ৮॥

শ্রীযুক্তশুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপঃ।

অবদ্যন্ অবাদ্যন্ খণ্ডিতবন্তঃ স্বধিতিনা শস্ত্রিকয়া॥ ৫—৯॥

বঙ্গানুবাদ।

কৈবর্ত্তেরা সেই বৃহৎ মৎস্যটীকে শম্বরাসুর সমীপে উপহার স্বরূপ সমর্পণ করিল। তাহার পর—শম্বরাসুরের পাচকগণ ঐ মৎস্যটীকে রন্ধনশালার নিকটে লইয়া গিয়া কুঠারাস্ত্রে খণ্ডখণ্ড করতঃ তাহার উদরে অদ্ভুত একটী বালক দেখিতে পাইয়া (পাচকগণের অধিপতি) মায়াবতীর (১) নিকটে উহাকে অর্পণ করিল।

---

(১) এস্থলে মৎস্যপুরাণ-বার্ত্তা এইরূপ যে—কামদেবের দেহ শ্রীহর-কোপানলে ভস্মীভূত হইলে রতিদেবী তাঁহার দেহপ্রাপ্তির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাতিদীর্ঘেণ কালেন স কার্ষ্ণী রূঢ়যৌবনঃ ।
জনয়ামাস নারীণাং বীক্ষন্তীনাং চ বিভ্রমম্ ॥ ৯ ॥
সা তং পতিং পদ্মদলায়তেক্ষণং প্রলম্ববাহুং নরলোকসুন্দরম্ ।
সব্রীড়হাসোত্তভিতভ্রুবেক্ষতী প্রীত্যোপতস্থে রতিরঙ্গ ! সৌরতৈঃ ॥ ১০ ॥
তামাহ ভগবান্ কার্ষ্ণির্ম্মাতস্তে মতিরন্যথা ।
মাতৃভাবমতিক্রম্য বর্ত্তসে কামিনী যথা ॥ ১১ ॥

"অতি সুন্দর, মৎপতি সদৃশ রূপধারী এই বালক কিরূপে মৎস্য গর্ভে জন্মগ্রহণ করিলেন? যদি অন্যত্রই উৎপন্ন হইয়া থাকেন তবে কেন না মৎস্যগর্ভে মৃত হইলেন? অতএব আমার বোধ হয় ইনি কোন দেবশ্রেষ্ঠ অথবা—ইনি আমার ভর্ত্তাই হইবেন" ইত্যাদি আশঙ্কাযুক্তচিত্তা সেই মায়াবতীর নিকটে শ্রীনারদ—ইনি তোমার ভর্ত্তা কামদেব, শ্রীকৃষ্ণ হইতে শ্রীরুক্মিণীগর্ভে উৎপন্ন হইয়াছেন ও শম্বরাসুর উঁহাকে মায়াবলম্বন পূর্ব্বক হরণ করিয়া সমুদ্র মধ্যে নিক্ষেপ করায় ইনি মৎস্যের উদরে প্রবিষ্ট হইয়াছেন ইত্যাদি সমস্ত বিষয় বর্ণন করিলেন ॥ ৫—৬ ॥

পতিব্রতা কামপত্নী সেই রতিদেবী শ্রীহর-কোপানলে নির্দ্দগ্ধদেহ পতি কামদেবের দেহোৎপত্তি প্রতীক্ষা করিতেছিলেন এবং তিনি শম্বর কর্ত্তৃক পাচকগণের আধিপত্যে নিযুক্ত হইয়াছিলেন। আর তিনি সে সময়ে (শ্রীনারদবাক্য স্মরণপূর্ব্বক) শিশুকে কন্দর্পদেব বোধ করিয়া সেই বালককে স্নেহ (১) করিতে লাগিলেন ॥ ৭—৮ ॥

সান্বয়ব্যাখ্যা ।

নাতিদীর্ঘেণ (অল্পেনৈব, পৌগণ্ড এব ইত্যর্থঃ) কালেন রূঢ়যৌবনঃ (রূঢ়ং উদ্ভিন্নং যৌবনং যস্য সঃ) স কার্ষ্ণিঃ (শ্রীকৃষ্ণস্য পুত্রঃ) বীক্ষন্তীনাং (বীক্ষমাণানাং) চ (অপি, কিং পুনঃ সম্ভাষণাদি কুর্ব্বতীনাং) নারীণাং বিভ্রমং (সম্মোহং) জনয়ামাস ॥৯॥

অঙ্গ ! (হে রাজন্!) সা (রতিঃ) পদ্মদলায়তেক্ষণং (পদ্মস্য দলে ইব আয়তে ঈক্ষণে যস্য তং—পদ্মপলাশলোচনং) প্রলম্ববাহুং (আজানুলম্বিতবাহুং) নরলোকসুন্দরং (নরলোকে ভূলোকে জীবলোকে বা সুন্দরং) তং পতিং (কামদেবং) সব্রীড়হাসোত্তভিতভ্রুবা (সব্রীড়ঃ সলজ্জঃ যো হাসস্তেন উত্তভিতা নর্ত্তিতা যা ভ্রূঃ তয়া উপলক্ষিতৈঃ) সৌরতৈঃ (সুরতোপযুক্তাঙ্গভঙ্গিভিরিত্যর্থঃ) ঈক্ষতী (ঈক্ষমাণা সতী) প্রীত্যা উপতস্থে (অভজৎ;

নিমিত্ত দেবাদিদেব মহাদেবকে আরাধনা করিতে লাগিলেন, এ সময়ে শম্বরাসুর আসিয়াও আবার বরান্তর প্রাপ্তির অভিলাষে তাঁহাকে আরাধনা করিয়া তুষ্ট করিল, তাহাতে তিনি প্রথমে 'তুমি বর প্রার্থনা কর' এইরূপ শম্বরকে বলিলে সেই শম্বর রতিদেবীকে অবলোকন করতঃ কামার্ত্ত হইয়া ঐ রতিদেবীকেই প্রার্থনা করিল। তাহার পর সেই দেবাদিদেব মহাদেব রুদতী সেই রতিদেবীতে আশ্বাস প্রদান পূর্ব্বক বলিলেন হে সতি! তুমি শম্বরের সহিত গমন কর, সেখানে তোমার অভীষ্টসিদ্ধ হইবে, তখন রতিদেবী শ্রীমহাদেব বাক্য গ্রহণ করিয়া মায়া দ্বারা শম্বরকে মোহিত করতঃ তদঙ্গস্পর্শরহিতা হইয়াই তদ্গৃহে মায়াবতী নামে অভিহিত হইয়া অবস্থান করিতে লাগিলেন।

এ বিষয় শ্রীবিষ্ণুপুরাণ ও শ্রীহরিবংশেও উল্লিখিত আছে, তাহাতে আপাততঃ যে যৎকিঞ্চিৎ বিভিন্নতা দেখা যায় তাহা একটু অনুধাবন করিয়া দেখিলে আর বিভিন্নতা থাকে না, ফলে ভাবার্থ একই হয়। এখানে বাহুল্যভয়ে আর তাহা উল্লিখিত হইল না।

(১) স্নেহ অর্থাৎ প্রেমবিলাস; এস্থলে 'স্ত্রী হইয়া নিজে মাতার ন্যায় স্তন্যপ্রদানাদি দ্বারা পতির পরিপালন অসদৃশ হয় মনে করিয়া রতিদেবী পালনের নিমিত্ত শিশুকে ধাত্রীহস্তে সমর্পণ করিলেন' বুঝিতে হইবে। শ্রীহরিবংশেও এইরূপই উক্ত হইয়াছে যে—"ধাত্র্যাস্তং সা সমর্পয়া"দিত্যাদি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রতিরুবাচ।

ভবান্ নারায়ণসুতঃ শম্বরেণাহৃতো গৃহাৎ।
অহং তেঽধিকৃতা পত্নী রতিঃ কামো ভবান্ প্রভো! ॥ ১২ ॥

অথবা—দৃশা ইত্যধ্যাহার্য্যঃ তেন—সব্রীড়েন হাসেন উত্তভিতে ভ্রুবৌ যস্যাস্তয়া দৃশা ঈক্ষতী অথবা—ব্রীড়য়া সহিতেন হাসেন উত্তভিতয়া ভ্রুবা ঈক্ষতী সৌরতৈঃ প্রীত্যা উপতস্থে ॥ ১০ ॥

ভগবান্ (সর্ব্বশক্তিমান্) কাঞ্চিঃ (শ্রীকৃষ্ণতনয়ঃ প্রদ্যুম্নঃ) তাং (রতিদেবীং) আহ (আহ স্ম)—মাতঃ! (মান্যতে পূজ্যতে যা সা "মানঙ্ পূজায়াং নাদি" ইতি ডাতৃপ্রত্যয়ঃ) তে (তব) মতিঃ অন্যথা (অন্যপ্রকারেণ বর্ত্ততে, যতস্ত্বং) মাতৃভাবমতিক্রম্য কামিনী যথা (ইব) বর্ত্তসে * ॥ ১১ ॥

* বাস্তবার্থোঽয়ং—অতঃ (ভাবাৎ) তে (তব) অন্যথা মতিঃ মা (ন, ভবতু, যতঃ) কামিনী (মৎকান্তেব ত্বং যৎ) মাতৃভাবমতিক্রম্য বর্ত্তসে (তৎ) যথা (যথাবদেব)।

রতিরুবাচ (কথয়ামাস)—

প্রভো! (হে স্বামিন্!) ভবান্ নারায়ণসুতঃ (নারায়ণস্য শ্রীকৃষ্ণস্য সুতঃ পুত্রঃ) শম্বরেণ গৃহাৎ (সূতিকাগারাৎ) হৃতঃ (অপহৃতঃ)। অহং তে (তব) অধিকৃতা (অধিকারতুল্যা) পত্নী রতিঃ, ভবান্ কামঃ ॥ ১২ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃতভাবার্থদীপিকা।

বিভ্রমং সম্মোহম্ ॥ ৯ ॥
অঙ্গ! হে রাজন্! সৌরতৈর্ভাবৈরুপতস্থেঽভজৎ ॥ ১০—১১ ॥
অধিকৃতা পত্নীত্যত্র হেতুঃ রতিরহং ভবান্ কাম ইতি ॥ ১২—১৩ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃতবৃহদ্বৈষ্ণবতোষণী।

নাতিদীর্ঘেণ বাল্য এবেত্যর্থঃ। রূঢ়ং ভিন্নং যৌবনং যস্য সঃ যতঃ কাঞ্চিঃ শ্রীকৃষ্ণপুত্রঃ তস্যাপি বাল্য এব তারুণ্যাৎ চ অপি বীক্ষমাণানামপি কিং পুনঃ সম্ভাষণাদি কুর্ব্বতীনামিত্যর্থঃ। বিভ্রমং ভাববিশেষং কিম্বা বিশিষ্টভ্রমং উন্মাদমিত্যর্থঃ ॥ ৯ ॥

পতিং পতিভাবেনেক্ষমাণা পূর্ব্বতো বিশিষ্টতাভিপ্রায়েণ তং বিশিনষ্টি পদত্রয়েণ। তত্র পদ্মেতি সর্ব্বসৌন্দর্য্যোপলক্ষণার্থং প্রলম্বেতি চ মহাবলিষ্ঠত্বং সূচিতং ইত্যুভয়থা নরলোকে মর্ত্ত্যে জীবলোকে বা সুন্দরং অত এব প্রীত্যা হর্ষেণ প্রেম্ণা বোপতস্থে কৈঃ সব্রীড়েন হাসেন উত্তম্ভিতা নর্ত্তিতা যা ভ্রুস্তয়া সহ সৌরতৈঃ যতো রতিঃ কামদেবপত্নী পরমবিদগ্ধা সাক্ষাদ্রতিরূপা অন্যত্তে-র্ব্যাখ্যাতং যদ্বা রতৌ কামক্রীড়ায়াং রঙ্গঃ রাগো যেভ্যস্তৈঃ সৌরতৈঃ সুরতানুগুণব্যাপারৈঃ ॥ ১০ ॥

ভগবান্ পরমাভিজ্ঞ ইতি তস্যা ভাববিশেষং লক্ষয়ন্নিত্যর্থঃ কাঞ্চিরিতি তাদৃশভাববত্যামপি তস্যাং কামো ন জাতঃ পিতৃ-বৎসদ্ধর্ম্মপরত্বাদিতিভাবঃ। যদ্বা ভগবান্ তস্যাতাদৃগ্ভাবেঽপি ধৈর্য্যযুক্তঃ যতঃ কাঞ্চিমাতরিতি স্নেহপালনাদিনা তস্যামেব তস্য মাতৃত্ববুদ্ধেঃ তথা চ শ্রীহরিবংশে—

"ধাত্র্যাঃ সকাশাৎ স চ তাং শৃণ্বন্ রুক্মিণিনন্দনঃ।
মায়াবতীমবিজ্ঞানান্মেনে স্বামিব মাতরম্ ॥ ইতি

অন্যথা অন্যপ্রকারা দৃশ্যতে লজ্জয়াদৌ তামভিব্যজ্য পশ্চাদ্বিব্রূণোতি মাতরিতি। কামিনী পত্নীকামেন ভজমানা স্ত্রী বা ॥ ১১ ॥

নারায়ণেতি শ্রীকৃষ্ণস্য সাক্ষাদ্ভগবত্ত্বং বোধয়তি গৃহাৎ সূতিকা-গারাৎ অধিকৃতা কামাধিকারপ্রাপ্তা ইত্যাত্মনস্তন্নিত্যপত্নীত্বং দ্যোতিতম্ অত এব বোধয়তি—প্রভো হে স্বামিন্নিতি ॥ ১২ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃতভাগবতচন্দ্রচন্দ্রিকা।

স কাঞ্চিঃ কৃষ্ণস্যাপত্যং প্রদ্যুম্নঃ নাতিদীর্ঘেণাল্পেনৈব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কালেন রূঢ়ং প্রাপ্তং যৌবনং যস্য সঃ বিভ্রমং সম্মোহং জনয়ামাস ॥ ৯ ॥

সেতি। অঙ্গ! হে রাজন্! সা মায়াবতী তং প্রদ্যুম্নং রূঢ়যৌবনং প্রীত্যা সৌরতৈর্ভাবৈরুপতস্থে অভজৎ কথম্ভূতা ব্রীড়য়া সহিতো যো হাসস্তেন উত্তম্ভিতে ভ্রুবৌ যস্যাস্তয়া দৃশেতি বিশেষ্যস্যাধ্যাহারঃ ঈক্ষণং কটাক্ষণা ॥ ১০ ॥

তথা ভগবান্ কাঙ্ক্ষিস্তাং মায়াবতীমাহ—উক্তিমেবাহ, হে মাতরিতি। তব মতিরন্যথা বিপরীতা বভূব অন্যথাত্বমেব দর্শয়তি। মাতৃভাবমিতি। কামিনী পুংশ্চলী যথা তদ্বৎ ॥ ১১ ॥

এবমুক্তা প্রাহ রতিঃ। ভবানিতি চতুর্ভিঃ। নারায়ণস্য শ্রীকৃষ্ণস্য সুতঃ এবং চেত্তদ্গৃহ এব কিং ন বসামি ইত্যত আহ—শম্বরেণেতি। গৃহান্নারায়ণস্য গৃহাত্তবাহং দয়িতা প্রিয়তমা পত্নী ॥ ১২ ॥

শ্রীবিজয়ধ্বজতীর্থকৃতপদরত্নাবলী।

কৃষ্ণস্যাপত্যং কাঙ্ক্ষিঃ বিভ্রমং বিকারং যদ্বা দেবাদ্যন্যতম ইতি বিশিষ্টভ্রমম্ ॥ ৯ ॥

রতিরাত্মনো ধনৈস্তং পতিমুপতস্থে অভিমুখেন তস্থৌ কিমাত্মধনানি সুবর্ণাদীনি? নেত্যাহ—সব্রীড়েতি। ব্রীড়য়া সহিতো হাসঃ সব্রীড়হাসঃ উত্তমো বিভ্রমঃ উৎকৃষ্টা শৃঙ্গারচেষ্টা ঈক্ষণং কটাক্ষনিরীক্ষণং তৈঃ ॥ ১০ ॥

মাতৃভাবং মাতুঃ স্বভাবং সুরতকামিনী ॥ ১১ ॥

অধিকৃতা পত্নী বধূত্তমা ॥ ১২ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃতসুবোধিনী।

ততোঽল্পেনৈব কালেন মৎস্যোদরসম্বন্ধাৎ ভগবৎসম্বন্ধাচ্চ সপ্তম এব বর্ষে যৌবনং প্রাদুর্ভূতমিত্যাহ—নাতিদীর্ঘেণ কালেনেতি। ষোড়শে বর্ষে যৌবনপ্রাদুর্ভাবঃ কস্যচিৎ দ্বাদশে কস্যচিদষ্টম এব অয়ং নাতিদীর্ঘকালঃ যতঃ কাঙ্ক্ষিঃ পিতুঃ পুত্রঃ রূঢ়ং যৌবনং যস্য তদা বীক্ষন্তীনাং বিভ্রমং জনয়ামাস যুবতীনাং যদা মনোবৃত্তিঃ তদা সর্ব্বজনীনং যৌবনম্ অন্যথা অলৌকিকমেব যৌবনং স্যাৎ কিম্বহুনা বীক্ষন্তীনাং দেবস্ত্রীণামপি জনয়ামাস ॥ ৯ ॥

তৎপতিত্বাৎ চিরমভিলষিতত্বাৎ যৌবনবিলম্বাচ্চ প্রাপ্তে যৌবনে তমুপতস্থে এতদগ্রিমকার্য্যার্থং নিরূপ্যতে। পদ্মদলায়তেক্ষণমিতি। কামোদ্বোধকত্বাৎ কামত্বাচ্চ তস্যাঃ সঙ্গাভাবেন স্বাভূমশক্তিমাহ—প্রলম্ববাহুমিতি। উপগূহনসামর্থ্যং সর্ব্বাঙ্গসুখদত্বায় নরলোকসুন্দরমিতি তাদৃশো মোহ উচিত এবেতি হেতুরুক্তঃ স্বভাবোদ্গিরণার্থং প্রথমতো ব্রীড়া নবসঙ্গমং ভাবয়তি ততো জাতে রসে হাস উভাভ্যামুত্তম্ভিতয়া ভ্রুবা সঙ্গেচ্ছাং পাতিব্রত্যঞ্চ কটাক্ষদর্শনেন সূচয়ন্তী প্রীত্যা উপতস্থে ইদমুপস্থানং ন দেবতারাধনমিব কিন্তু সৌরতৈঃ সুরতভাবৈঃ যত ইয়ং রতিঃ ততঃ প্রদ্যুম্নঃ ক্রিয়াশক্ত্যৈবাবির্ভূত ইতি জ্ঞানাভাবস্তস্য প্রকাশ্যতে ভগবদ্বৈলক্ষণ্যায় অন্যথা তুল্যতৈব স্যাৎ যদি জ্ঞানশক্তিরপি ভবেৎ ॥ ১০ ॥

তামাহেতি। ভগবান্ ধর্ম্মপরঃ যতঃ কাঙ্ক্ষিঃ মর্য্যাদার্থমবতীর্ণঃ সদানন্দাঙ্কুরোঽপি সদানন্দ এবেতি অপেক্ষাভাবাদ্বা তথোক্তবান্। মাতরিতি সম্বোধনাদজ্ঞানং ব্যবহারে তথাত্বাৎ অনেন কামস্য ধর্ম্মবিরোধিত্বং সহজং নিরূপিতম্ অন্যথা মাতৃপদমুচ্চার্য পশ্চাত্তস্যাং সঙ্গং ন কুর্য্যাৎ লৌকিকী ভাষেয়মিতি ন পারমার্থিকো বিরোধঃ মাতা হি মানং পালয়তি স্বস্য চ নহি বিবেত্তেষ্বঙ্গেষু মানং তিষ্ঠতি অতঃ সর্ব্বপ্রাণিনামেব মাতা সংরক্ষ্যা অতো মাতৃভাবং পরিত্যজ্য গুপ্তং কামং দূরীকৃত্য যথা কামিনী প্রকটকামা তদ্বদ্বর্ত্তস ইতি ॥ ১১ ॥

তদা তিরোহিতজ্ঞানমেনং মত্বা অজ্ঞানাদুক্তমনুক্তমিতি বোধয়তি। ভবান্নারায়ণসুত ইতি। স হি শম্বরং পিতরং তাঞ্চ মাতরং মন্যতে তন্নিষেধার্থমাহ—নারায়ণসুত ইতি। একনিষেধেনৈব ইতরস্য সিদ্ধত্বাৎ স্বরূপং চাগ্রে বক্তব্যমিতি নিরূপয়তি। নারায়ণপুত্রঃ কথমত্রাগতঃ ইত্যাক্ষেপপত্তিমাহ—গৃহাচ্ছম্বরেণ হৃত ইতি। সাধারিণ্যপি ধাত্রী মাতৃবদেব পরিপাল্যেতি চেত্তত্রাহ—অহং তে দয়িতা পত্নীতি। দয়িতত্বাল্লোকতস্ত্যাগং নার্হতি পত্নীত্বান্ন তবেহ তথাপি লোকে প্রসিদ্ধ্যভাবাৎ কথমেবমিতি চেৎ তত্রাহ—রতিরিতি। ভবাংশ্চ কাম ইতি ॥ ১২ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃতসারার্থদর্শিনী।

উত্তস্তিতা নর্ত্তিতা যা ভ্রূস্তয়া উপলক্ষিতৈঃ সৌরতৈর্ভাবৈঃ অত্রেদং তত্ত্বং অদ্য বা শ্বো বা সর্ব্বং তত্ত্বমস্মৈ জ্ঞাপয়িষ্যৈব সৌরতান্ প্রভাবান্ প্রকাশয়িষ্যামীতি বিচারিতবত্যা এব তস্যা দৈবাদ্রহসি বিজ্ঞাপনাৎ পূর্ব্বমেব কামবৈবশ্যাৎ তে ভাবাঃ স্বয়মেবোদ্ভূতাঃ ॥ ১০ ॥

ভগবানিতি। সার্ব্বজ্ঞ্যাদিগুণযুক্তোঽপি লীলানিধেঃ কৃষ্ণস্যৈবেচ্ছয়া সার্ব্বজ্ঞ্যাদ্যাবরণাত্তথাবাচেত্যর্থঃ। বাস্তবার্থস্তু অতো ভাবাত্তেঽন্যথা মতির্ম্মা ভবদ্বিতি শেষঃ যতস্ত্বং মাতৃভাবমতিক্রম্যৈব বর্ত্তসে যথা যথাবৎ কামিনী মৎকান্তেবেতি ॥ ১১ ॥

অহং পত্নী তং কামদেবমেব মত্বোক্তিস্তেন প্রদ্যুম্নেনাপি স্পর্শমণিন্যায়েনৈব স্বস্পর্শেন সা স্বকান্তা কৃতা বস্তুতস্তু অনিরুদ্ধমাতেব তস্য স্বশক্তিরিতি শ্রীবৈষ্ণবতোষণী ॥ ১২ ॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃতবৈষ্ণবানন্দিনী।

নাতিদীর্ঘেণেতি পৌগণ্ড এবেত্যর্থঃ। বীক্ষন্তীনামেব কিম্পুনঃ সম্ভাষণাদি কুর্ব্বতীনামিত্যর্থঃ বিভ্রমমুন্মাদম্ ॥ ৯ ॥

সা রতিঃ সব্রীড়হাসেনোত্তস্তিতা নর্ত্তিতা যা ভ্রূস্তয়োপলক্ষিতৈঃ সৌরতৈর্ভাবৈস্তং পতিমুপতস্থে অভজৎ অঙ্গ! হে রাজন্! ॥ ১০ ॥

ভগবানতিসুন্দরঃ কার্ষ্ণিঃ কৃষ্ণপুত্রঃ কৃষ্ণেচ্ছয়া বৃতসার্ব্বজ্ঞ্যো ধাত্র্যা ত্বন্মাতেয়মিতি শিক্ষিতস্তামাহোক্তবান্ স্ফুটমন্যৎ তথা চরতেঃ কার্ষ্ণেশ্চ সা বুদ্ধির্নাস্তীতি বিদিতমেবং হরিবংশাৎ বাস্তবার্থস্তু অতো ভাবাত্তে তব মতিরন্যথা মাস্ত্বিতি শেষঃ যত্ত্বং কামিনী মৎকান্তেব মাতৃভাবং পরিচ্ছেত্তুং স্বকীয়পৃথগবস্থিতিমতিক্রম্য বর্ত্তসে স্বাঙ্গৈর্ম্মদঙ্গানাং ব্যাপ্তিমচ্ছসি তদ্যথাবদেবেতি কার্ষ্ণিস্তামাহোচে যতো ভগবান্ নিত্যসিদ্ধসার্ব্বজ্ঞ্যাদিরিতি ॥ ১১—১২ ॥

শ্রীযুক্তশুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপঃ।

বিভ্রমং সংমোহম্ ॥ ১০ ॥

অঙ্গ! হে রাজন্! উপতস্থে অভজৎ ॥ ১১—১৮ ॥

বঙ্গানুবাদ।

অল্পকাল মধ্যে (অর্থাৎ পৌগণ্ডকালেই) সেই শ্রীকৃষ্ণতনয় প্রদ্যুম্ন যৌবনাবস্থা প্রাপ্ত হইয়া সম্ভাষণাদিকারিণী রমণীগণের কথা কি বলিব অবলোকনকারিণী নারীগণেরও চিত্তবিভ্রম জন্মাইতে লাগিলেন ॥ ৯ ॥

হে রাজন্! সেই রতিদেবী পদ্ম পলাশলোচন, আজানুলম্বিতবাহু ও নরলোক সুন্দর সেই পতি কামদেবকে সলজ্জহাস্যে নর্ত্তিত যে ভ্রূ তদ্দ্বারা উপলক্ষিত সুরতোপযুক্ত অঙ্গভঙ্গি সহকারে অবলোকন করিয়া† প্রীতি পূর্ব্বক ভজনা করিতে লাগিলেন ॥ ১০ ॥

সর্ব্বশক্তিমান্ শ্রীকৃষ্ণতনয় শ্রীপ্রদ্যুম্ন (১) রতিদেবীকে বলিলেন,—হে মাতঃ! আপনার বুদ্ধি বিপর্য্যস্ত হইয়াছে দেখিতেছি, যে হেতু আপনি মাতৃভাব অতিক্রম করিয়া কামিনীর ন্যায় ব্যবহার করিতেছেন ॥ ১১ ॥

---

† অথবা—সলজ্জহাস্যে উত্তস্তিত ভ্রূবিশিষ্ট নয়ন দ্বারা, অথবা ঈষৎ লজ্জাযুক্ত ও হাস্যযুক্ত ভ্রূভঙ্গি দ্বারা অবলোকন করতঃ সুরতোপযুক্ত অঙ্গভঙ্গি সহকারে প্রীতিপূর্ব্বক ভজনা করিতে লাগিলেন।

(১) শ্রীপ্রদ্যুম্ন শ্রীকৃষ্ণের ন্যায় নরলীলাপ্রকটনের ইচ্ছাতেই শ্রীরতিকে এইরূপ বিপরীতবৎ বাক্য বলিতে প্রবৃত্ত হইলেন; ইনি সচ্চিদানন্দবিগ্রহ শ্রীভগবানেরই শক্তিস্বরূপ, এই জন্য শ্রীগোপালতাপনীতে শ্রীমথুরা প্রসঙ্গে উক্ত হইয়াছে যে,—

"যত্রাসৌ সংস্থিতঃ কৃষ্ণস্ত্রিভিঃ শক্ত্যা সমাহিতঃ।
রামানিরুদ্ধপ্রদ্যুম্নৈ রুক্মিণ্যা সহিতো বিভুঃ ॥"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এষ ত্বানির্দ্দশং সিন্ধাবক্ষিপচ্ছম্বরোঽসুরঃ।
মৎস্যো হগ্রসীত্তদুদরাদিহ প্রাপ্তো ভবান্ প্রভো! ॥ ১৩ ॥
তমিমং জহি দুর্দ্ধর্ষং দুর্জ্জয়ং শত্রুমাত্মনঃ।
মায়াশতবিদং ত্বং চ মায়াভির্মোহনাদিভিঃ ॥ ১৪ ॥
পরিশোচতি তে মাতা কুররীব * গতপ্রজা †।
পুত্রস্নেহাকুলা দীনা বিবৎসা গৌরিবাতুরা ॥ ১৫ ॥
প্রভাষ্যৈবং দদৌ বিদ্যাং প্রদ্যুম্নায় মহাত্মনে।
মায়াবতী মহামায়াং সর্ব্বমায়াবিনাশিনীম্ ॥ ১৬ ॥

রতিদেবী বলিতে লাগিলেন—

স্বামিন্! আপনি শ্রীকৃষ্ণচন্দ্রের পুত্র, শম্বরাসুর কর্তৃক সূতিকাগৃহ হইতে অপহৃত হইয়াছেন। আমি আপনার অধিকৃতা পত্নী রতি, আপনি শ্রীকামদেব ॥ ১২ ॥

অর্থ এই রূপ—বিভু (অর্থাৎ কোন কার্য্য করিতে, না করিতে বা অন্যথা করিতে সমর্থ) ঐ শ্রীকৃষ্ণ যেখানে শ্রীবাসুদেব অনিরুদ্ধ ও শ্রীপ্রদ্যুম্নরূপ তিন শক্তির সহিত শ্রীরুক্মিণীদেবী সমভিব্যাহারে সংস্থিত হইয়াছিলেন।

২ শ্রীহরিবংশে উক্ত হইয়াছে যে,—

"ধাত্র্যাঃ সকাশাৎ স চ তাং শ্রুত্বা রুক্মিণিনন্দনঃ।
মায়াবতীবিজ্ঞানাৎ মেনে স্বামেব মাতরং ॥"

অর্থ এই যে—শ্রীরুক্মিণীনন্দন শ্রীপ্রদ্যুম্ন ধাত্রীর নিকট মায়াবতীর বিষয় অবগত হইয়া ঐ মায়াবতীর তত্ত্ব জানিতে না পারায় স্বমাতা মনে করিয়াছিলেন।

এখানেও বুঝিতে হইবে ধাত্রীর নিকট শুনিয়া ক্রোধবশতঃ ঐ রূপ করিয়াছিলেন। অথবা ভক্ষ্য প্রদানাদি দ্বারা ব্রহ্মবৈবর্ত্তে গণপতি খণ্ডে কার্ত্তিকেয় সংবাদে ১৫ অধ্যায়ে উক্ত ষোড়শ প্রকার মাতার মধ্যে অন্তর্ভুক্তত্ব হেতু ঐ সম্বোধন হইয়াছিল; কলকথ সর্ব্বত্র নরলীলা প্রকটনই প্রধান কারণ।

ব্রহ্মবৈবর্ত্তে ১৫ অধ্যায়ে উক্তাঃ ষোড়শ মাতরঃ—

"স্তনদাত্রী গর্ভধাত্রী ভক্ষ্যদাত্রী গুরুপ্রিয়া।
অভীষ্টদেবপত্নী চ পিতুঃ পত্নী চ কন্যকা ॥
সগর্ভজা চ ভগিনী পুত্রপত্নী প্রিয়া প্রসূঃ।
মাতুর্ম্মাতা পিতুর্ম্মাতা সোদরস্য প্রিয়া তথা ॥

* কুরঙ্গীব ইতি' † গতত্রপা ইতি চ পাঠান্তরং।

সান্বয়ব্যাখ্যা।

প্রভো! এষ শম্বরঃ অসুরঃ অনির্দ্দশং (অনতীতদশাহমেব) ত্বা (ত্বাং) সিন্ধৌ (সমুদ্রে) অক্ষিপৎ (পাতয়ামাস, তত্র) মৎস্যঃ অগ্রসীৎ (গিলিতবান্), তদুদরাৎ ভবান্ ইহ প্রাপ্তঃ ॥১৩॥

ত্বং চ (অপি) মায়াশতবিদং (বহুমায়াভিজ্ঞং অত এব) দুর্জ্জয়ং দুর্দ্ধর্ষং তমিমমাত্মনঃ শত্রুং (রিপুং শম্বরং) মোহনাদিভিঃ মায়াভিঃ জহি (নাশং কুরু) ॥ ১৪ ॥

পুত্রস্নেহাকুলা (পুত্রে স্নেহঃ মাতুশ্চিত্তদ্রববিশেষস্তেন আকুলা কিংকর্ত্তব্যবিমূঢ়া অত এব) অতুরা দীনা তে (তব) মাতা বিবৎসা গৌরিব গতপ্রজা (গতা বিনষ্টা প্রজা পুত্রো যস্যাঃ সা) কুররীব পরিশোচতি (সর্ব্বত্রৈব সরোদনং প্রলপতি) ॥১৫

মায়াবতী এবং প্রভাষ্য (প্রকর্ষেণ—উৎসাহোত্তেজনাদিনা

মাতুঃ পিতুশ্চ ভগিনী মাতুলানী তথৈব চ।
জনানাং বেদবিহিতা মাতরঃ ষোড়শ স্মৃতাঃ ॥

এইরূপ অর্থ - স্তনদাত্রী, গর্ভধাত্রী, ভক্ষ্যদাত্রী, গুরুপত্নী অভীষ্টদেবের পত্নী, পিতার পত্নী (অর্থাৎ বিমাতা), স্বকন্যা, সগর্ভজা ভগিনী, পুত্রবধূ, প্রিয়ার মাতা (শাশুড়ী), মাতার মাতা (আজিমা), পিতার মাতা (ঠাকুর মা) সহোদরের পত্নী, মাতা ও পিতার ভগিনী (মাসিমা ও পিসিমা) এবং মাতুলানী (মামী মা) ইঁহারাই জনগণের বেদবিহিতা ষোড়শপ্রকার মাতা বলিয়া কথিত হন।

* অথবা শ্লোকাংশের বাস্তবার্থ এইরূপ হইতে পারে—

হে প্রিয়ে! প্রার্থনা করি—এই সোরতভাব হইতে তোমার অন্যপ্রকার মতি না হউক, কারণ - তুমি আমার প্রেয়সী, তুমি যে মাতৃভাব অতিক্রম করিয়াছ তাহা যুক্তিযুক্তই হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাষিত্বা) সর্ব্বমায়াবিনাশিনীং মহামায়াং বিদ্যাং মহাত্মনে (মহান্ আত্মা যস্য তস্মৈ) প্রদ্যুম্নায় দদৌ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামিকৃতভাবার্থদীপিকায়াং

দুর্জ্জয়ত্বে হেতুঃ মায়াশতবিদমিতি। কথং তর্হি হন্তব্যস্তত্রাহ—মায়াভিরিতি ॥ ১৪ ॥

ন চাত্র বিলম্বঃ কার্য্য ইত্যাহ—পরিশোচতি রোদিতীত্যর্থঃ ॥ ১৫—১৮ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃতবৃহদ্বৈষ্ণবতোষণী।

কথং হৃত ইত্যপেক্ষায়াং তৎপ্রকারং কথয়ন্তী কোপ জনয়তি—এষ ইতি। ননু কুতোঽক্ষিপৎ তত্রাহ অসুরঃ স্বভাবতে দেবশত্রুত্বাদিত্যর্থঃ। তত্র চ শম্বরঃ মহামায়িত্বেন দৈত্যেষু শ্রেষ্ঠঃ কিম্বা কামশত্রুতয়া প্রসিদ্ধ ইত্যর্থঃ। ইহ মহানসে অন্তঃপুরে বা প্রভো ইতি পুনরপি সম্বোধনং স্বামিত্বদার্ঢ্যার্থং কিম্বা প্রার্থ্য-শম্বরবধসামর্থ্যমুদ্ভাবয়তি ॥ ১৩ ॥

ইমং সাক্ষাদত্রৈব বর্ত্তমানং দুর্দ্ধর্ষং অভিভবিতুমশক্যং যতো দুর্জ্জয়ং, হননঞ্চ যোগ্যমেবেত্যাহ—আত্মনঃ শত্রুমিতি। আদিশব্দাৎ শোষণাদয় আগ্নেয়াদয়ো বা ॥ ১৪ ॥

গতা নষ্টা ত্রপা লোকলজ্জা যস্যাঃ সা পাঠান্তরেঽপগতপুত্রা ননু তাদৃশে ভর্ত্তরি বিরাজমানে তাদৃশশোচনমযুক্তং তত্রাহ—পুত্রেতি। অত এব দীনা ত্যক্তভোগসুখা আতুরা চ বিচারাদি রহিতা তত্র দৃষ্টান্তঃ নষ্টবৎসা গৌরিবেতি কুররীবেতি চ পরিশোচনে অন্যত্তৈর্ব্যাখ্যাতম্ যদ্বা পরিতঃ সদা সর্ব্বত্র মহার্ত্ত্যা করুণস্বরেণ শোচতি বিলপতি ন কেবলং পরিশোচতি পরমদুরবস্থাঞ্চ প্রাপ্তেত্যাহ—পুত্রেতি। আতুরা রোদনপরবশাভূদিত্যেবং বাক্যদ্বয়ে দৃষ্টান্তদ্বয়ং ইত্যত্যন্তমুত্তেজিতঃ ॥ ১৫ ॥

এবমীদৃশং প্রকর্ষেণ সভাবোত্তেজনাদিনা ভাষিত্বা মহাত্মনে মহাবুদ্ধয় ইতি তদ্বিদ্যাযোগ্যতোক্তা মায়াবতীতি শম্বরতোঽপ্যধিকমায়াবিত্বাভিপ্রায়েণ অত এব মহামায়াখ্যাং অত এব সর্ব্বাসাং শম্বরাদিজ্ঞাতানাং মায়ানাং বিনাশনশীলামিতি পাঠান্তরেপি স এবার্থঃ। যদ্বা মহাত্মনে অপরিচ্ছিন্নশক্তয়ে মায়া মোহস্তদ্বতী সর্ব্ববিদ্যাবতেঽপি কেবলং প্রেমমোহেন দদাবিত্যর্থঃ। অন্যৎ সমানম্ ॥ ১৬ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃতভাগবতচন্দ্রচন্দ্রিকা।

এষ শম্বরো ঽসুরোঽনতীতদশাহমেব ত্বাং সমুদ্রে পাতয়ামাস হে প্রভো সমর্থ! ॥ ১৩ ॥

তমাত্মনঃ শত্রুং শম্বরং জহি, দুর্জ্জয়ত্বে হেতুঃ মায়াশতবিদমিতি। কথং তর্হি হন্তব্যস্তত্রাহ—মায়াভিরিতি। মোহনমাদির্যাসাং তাভির্ম্মায়াভির্ম্ময়োপদেক্ষ্যমাণাভিরিতি শেষঃ ॥ ১৪ ॥

ন চাত্র বিলম্বঃ কার্য্য ইত্যাহ। পরিশোচতীতি। তব মাতা রুক্মিণী হতা বিনষ্টা অদৃষ্টেতি যাবৎ প্রজা পুত্রো যস্যাঃ সা কুরঙ্গীব হরিণীব শোচতি কিঞ্চ পুত্রস্নেহেনাতুরা বিবৎসা বিনষ্টবৎসা অত এবাতুরা গৌর্যথা তদ্বৎ ॥ ১৫ ॥

প্রভাষ্যেতি। সর্ব্বাঃ শত্রোঃ সম্বন্ধিনীর্ম্মায়াঃ বিনাশয়তীতি তথা তাং মায়াং মোহনাদিমায়াত্মিকাং বিদ্যাং দদৌ ॥ ১৬ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃতপদরত্নাবলী।

ত্বাং নির্দ্দশম্ ইতি পাঠঃ ॥ ১৩ ॥

মোহনশোষণদ্রাবণাভির্ম্মায়াভিঃ ॥ ১৪ ॥

কুররস্য স্ত্রী কুররী "উৎক্রোশঃ কুররো মতঃ" ইতি মৃতপ্রজা নষ্টাপত্যা ॥ ১৫ ॥

মহামায়া মহাসামর্থ্যা ॥ ১৬ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃতসুবোধিনী।

কামস্য কথমত্র শত্রুগৃহে স্থিতিরিতি তত্রাহ—এষ ত্বামিতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসুরত্বাত্তথা করণং মৎস্যো হি স্বজাতিঘাতী তদুদরাদিহ প্রাপ্ত ইত্যনেন সোঽপি হতো নিরূপিতঃ ॥ ১৩ ॥

শম্বরঃ পরমবশিষ্যতে অতস্তং জহীত্যাহ—তমিমমিতি। সাবধানত্বায় তস্য গুণানাহ। দুর্দ্ধর্ষং দুর্জ্জয়ং শক্রং মায়াশতবিদমিতি। দুর্দ্ধর্ষত্বাৎ ন লৌকিকোপায়েন মারয়িতুং শক্যঃ অনেন বিষদানাদিপ্রকারা অপি ব্যাবর্ত্তিতাঃ দুর্জ্জয়ত্বাৎ ক্ষত্রিয়ধর্ম্মেণাপি মারয়িতুমশক্যঃ শক্রত্বান্নোপেক্ষণীয়ঃ আত্মন ইতি ঘাতাদেব নিবর্ত্ততে নান্যথেতি সূচিতং তর্হি অলৌকিকযুদ্ধেন মারণীয় ইতি পক্ষং নিবারয়তি—মায়াশতবিদমিতি। তর্হ্যবধ্যঃ কথং মারণীয় ইতি চেত্তত্রোপায়মাহ—ত্বঞ্চ মায়াভির্মোহনাদিভিঃ সহিতমিমং জহি আদৌ মোহয় ততস্তন্মায়াঃ প্রতিযোগিমায়াভিঃ দূরীকুরু অসুরাণাং হি মায়া ভগবানিতি তস্মাদেবং বিং সম্বরোর্ব্বৈ প্রকরঃ উপাসীতেতি উপাসনায়াস্তল্যত্বাৎ অনেকধোপাসকস্য বিশিষ্টত্বাচ্চ মোহনাদিভির্ম্মায়াভিস্তন্মায়াদূরীকরণং যুক্তমেব ॥ ১৪ ॥

নন্বু যথা মমাজ্ঞানম্ এবং তস্যাপীতি জ্ঞানে সত্যেব অপকারিত্বাৎ ন মারণীয় ইতিচেত্তত্রাহ—পরিশোচতীতি। মাতা হি দয়াপাত্রম্ অতস্তদ্দুঃখদূরীকরণার্থং মারণীয় এবেতি ভাবঃ। তে মাতেতি সম্ভাবনয়া বদতি তস্যা রুক্মিণীত্বং বা বৈদর্ভীত্বং বা শোকনিবারকমিতি তত্রোক্তং কুররীব বিবেকরহিতা সা রাত্রৌ শোচতি অনেন নিদ্রাভাবোঽপি সূচিতঃ গতপ্রজেতি শোকহেতুঃ গতা কেনচিদপি হৃতা প্রজা যস্যাঃ নষ্টায়াং পুনরাবৃত্তিশঙ্কাভাবাত্তথা ন শোকঃ সাপি পূর্ব্বা পুত্ররূপেতি নান্তঃ শোকমাত্রং জনয়তি কিন্তু সর্ব্বদেহেন্দ্রিয়াণাং সর্ব্বক্রিয়ারাহিত্যং করোতীত্যাহ—পুত্রস্নেহাকুলেতি। পুত্রস্নেহোঽত্যন্তং ব্যাকুলতাং সম্পাদয়তীতি লোকপ্রসিদ্ধিঃ কিঞ্চ বিবাহপ্রভৃতিমনঃপরিতোষাভাবাৎ-জাতে পুত্রে পিত্রাদয়ঃ মানয়েরন্ তস্মিন্নপি গতে চিন্তয়া আতুরাপি ভবিষ্যতীত্যাহ—আতুরো জরী বিবেকেন সর্ব্বং সমাধানং ভবিষ্যতীতিচেত্তত্র দৃষ্টান্তমাহ—গৌরিবেতি। বৎসাভাবে যথা গৌঃ তস্যাঃ হি ন কাপি মমতা সর্ব্বা মমতা বৎস এব ভবতি অন্যেষান্তু বিভক্তা মমতা ভবতি অতো গৌঃ দৃষ্টান্তীক্রিয়তে সর্ব্বত্র ইয়ঞ্চ সর্ব্বতো মমতামাকৃষ্য ত্বয্যেব স্থাপিতবতীতি গোতুল্যা ভবতি এবং নিরূপণমাত্রেণ কার্য্যং ন সিদ্ধ্যতীতি ফলিতোঽর্থো জ্ঞাতব্য এবেতি ॥ ১৫ ॥

এবং প্রভাব্য বিদ্যামপি দদৌ স্ত্রীদত্তায়া বিদ্যায়াঃ তদৈব সিদ্ধিঃ প্রদ্যুম্নো হি বিদ্যাগ্রহণযোগ্যঃ নাম্নৈব প্রসিদ্ধত্বাৎ মহাত্মন ইতি বিদ্যা ফলিষ্যতীতি সূচিতং সা বিদ্যা স্বস্মিন্নাগতা মায়ৈবেতি জ্ঞাপয়িতুং মায়াবতীত্যুক্তং দৈত্যাদীনামিব মায়া সাধারণা ভবিষ্যতীতি তদ্ব্যাবৃত্ত্যর্থমাহ—মহামায়ামিতি। ইয়ং হি সর্ব্বানেব ভগবদংশান্ ব্যামোহয়িতুং প্রবৃত্তা মহামায়া নহু দৈত্যানাং ভগবানেব মায়া ভবতীতি কথমস্যা মহামায়াত্বং তত্রাহ। সর্ব্বমায়াবিনাশিনীমিতি। তত্র হি স্বল্পা অভিব্যক্তিঃ স্বধেত্যাদাবিব পরব্যামোহার্থং তদ্রূপো ভূত্বা পালয়তি নতু তেষাং মোক্ষং প্রযচ্ছতি অতো বাধকেষু জীবচৈতন্যমিব তদপি তিরোভূতমিতি সর্ব্বমায়াবিনাশিত্বম্ ॥ ১৬ ॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃতবৈষ্ণবানন্দিনী।

দুর্জ্জয়ত্বে হেতুঃ—মায়াশতেতি। তর্হি কথং হন্তব্যস্তত্রাহ—মায়াভিরিতি ॥ ১৪ ॥

ন চাত্র বিলম্বো যুক্ত ইত্যাহ—পরীতি ॥ ১৫—১৮ ॥

বঙ্গানুবাদ।

হে প্রভো! এই শম্বরাসুর আপনার দশদিন বয়স হইতে না হইতেই আপনাকে অপহরণ করিয়া সমুদ্রমধ্যে নিক্ষেপ করে, তথায় এক মৎস্য আপনাকে গ্রাস করিয়াছিল, আপনি সেই মৎস্যের উদর সম্পর্কে এখানে আগমন করিয়াছেন ॥ ১৩ ॥

আপনি—শত শত মায়াবিৎ অতএব দুর্জ্জয় ও দুর্দ্ধর্ষ সেই এই স্বীয় শক্র শম্বরাসুরকে মোহনাদি মায়া বিস্তার করিয়া নাশ করুন ॥ ১৪ ॥

বিবৎসা গাভীর ন্যায় এবং মৃতপুত্রা কুররীর ন্যায় পুত্রস্নেহাকুলা অতএব আতুরা ও দীনা আপনার মাতা সর্ব্বত্রই রোদনের সহিত বিলাপ করিতেছেন ॥ ১৫ ॥

মায়াবতী এইরূপ উৎসাহোত্তেজক বচনবিন্যাস করিয়া সর্ব্বমায়াবিনাশিনী মহামায়া বিদ্যা মহাত্মা প্রদ্যুম্নকে প্রদান করিলেন ॥ ১৬ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স চ শম্বরমভ্যেত্য সংযুগায় সমাহ্বয়ৎ।
(১) অবিষহ্যৈস্তমাক্ষেপৈঃ ক্ষিপন্ সঞ্জনয়ন্ কলিম্ ॥ ১৭ ॥
সোঽধিক্ষিপ্তো দুর্ব্বচোভিঃ পদাহত ইবোরগঃ।
নিশ্চক্রাম গদাপাণিরমর্ষাত্তাম্রলোচনঃ ॥ ১৮ ॥
গদামাবিধ্য তরসা প্রদ্যুম্নায় মহাত্মনে।
প্রক্ষিপ্য ব্যনদন্নাদং বজ্রনিষ্পেষনিষ্ঠুরম্ (২) ॥ ১৯ ॥
তামাপতন্তীং ভগবান্ প্রদ্যুম্নো গদয়া গদাম্।
অপাস্য শত্রবে ক্রুদ্ধঃ প্রাহিণোৎ স্বগদাং নদন্ (৩) ॥ ২০ ॥

সান্বয়ব্যাখ্যা।

(ততঃ) সঃ (প্রদ্যুম্নঃ) চ শম্বরং অভ্যেত্য অবিষহ্যৈঃ (অতিদুঃসহৈঃ) আক্ষেপৈঃ (নিন্দাবাক্যৈঃ) ক্ষিপন্ (তিরস্কুর্ব্বন্) কলিং (কলহং) সংজনয়ন্ (উৎপাদয়ন্) সংযুগায় (যুদ্ধং কর্ত্তুং) সমাহ্বয়ৎ) উচ্চৈঃ আহূতবান্) ॥ ১৭ ॥

পদা (পাদেন) আহতঃ (তাড়িতঃ) উরগঃ (সর্পঃ) ইব সঃ শম্বরঃ দুর্ব্বচোভিঃ (দুর্ব্বাক্যৈঃ) অধিক্ষিপ্তঃ (তিরস্কৃতঃ) অমর্ষাৎ (ক্রোধাৎ) তাম্রলোচনঃ (তাম্রে আরক্তে লোচনে যস্য সঃ) গদাপাণিঃ (গদা পাণৌ যস্য তাদৃশঃ চ সন্) নিশ্চক্রাম (তং হন্তুং নিরগমৎ) ॥ ১৮ ॥

(সঃ শম্বরাসুরঃ) তরসা (বলেন) গদাং আবিধ্য (ভ্রাময়িত্বা) মহাত্মনে প্রদ্যুম্নায় প্রক্ষিপ্য (প্রযুজ্য) বজ্রনিষ্পেষনিষ্ঠুরং (বজ্রস্য নিষ্পেষঃ নিঘ্রাতঃ তস্য নাদমিব নিষ্ঠুরং) নাদং ব্যনদৎ (চকার) ॥ ১৯ ॥

ভগবান্ (সর্ব্বশক্তিমান্) প্রদ্যুম্নঃ আপতন্তীং তাং (গদাং) গদয়া অপাস্য (নিরস্য) ক্রুদ্ধঃ (কোপান্বিতঃ) নদন্ (শব্দং কুর্ব্বন্ চ সন্) শত্রবে (রিপবে শম্বরায়) স্বগদাং প্রাহিণোৎ (চিক্ষেপ) ॥ ২০ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃতভাবার্থদীপিকা।

বজ্রস্য নিষ্পেষে নির্ঘাতে যথা নিষ্ঠুরস্তীব্রো নাদো ভবতি তথাভূতং নাদং ব্যনদৎ সামান্যবিশেষতয়া ব্যাপ্যব্যাপকত্বভাবেন পাকং পচতীতি বৎ অতিনিষ্ঠুরং নাদমকরোদিত্যর্থঃ ॥ ১৯—২০ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃতবৃহদ্বৈষ্ণবতোষণী।

চ অপি সোঽপি অভিমুখমেত্য সম্যক্ উচ্চতীক্ষ্ণস্বরাদিনা আহ্বয়ৎ অবিষহ্যৈঃ পরমাসহ্যৈরিত্যর্থঃ। ক্ষিপন্ দুর্ব্বাক্যৈর্গালিং দদৎ কিমর্থং কলিং কলহং সম্যক্ মরণপর্য্যবসানতয়া জনয়ন্ জনয়িতুং ॥ ১৭ ॥

পাদেন হতঃ প্রহৃত উরগ ইব অমর্ষাৎ ক্রোধাৎ তাম্রে সংরক্তে লোচনে যস্য সঃ যদ্বা পদা হতোঽহির্যথা ক্রোধাদুন্নমিতফণো রক্তাক্ষো বিলান্নিষ্ক্রামতি তথা গৃহান্নিশ্চক্রামেত্যর্থঃ ॥ ১৮ ॥

আবিধ্য ভ্রাময়িত্বা প্রকর্ষেণ বলাদিনা ক্ষিপ্ত্বা মহান্ আত্মা ধৃতির্যস্য তস্মা ইতি নির্ভয়ত্বাদিকং সূচিতং বিশেষেণানদৎ বিশব্দার্থমেব ব্যঞ্জয়তি—বজ্রেতি। অন্যত্তৈর্ব্যাখ্যাতং যদ্বা বজ্রস্য নিষ্পেষাদপি নিষ্ঠুরম্ ॥ ১৯ ॥

ভগবান্ সর্ব্বশক্তিমান্ অপাস্য পশ্চাৎ ক্ষিপ্ত্বা ॥ ২০ ॥

(১) অষ্টবভ্যোঽষ্ঠমাক্ষেপৈঃ ক্ষিপন্' (২) বজ্রনির্ঘোষ নিষ্ঠুরং ইতি চ পাঠান্তরং।

(৩) গদাং নৃপ ইতি পাঠান্তরং।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃতভাগবতচন্দ্রচন্দ্রিকা।

ততঃ স চ প্রদ্যুম্নঃ সংযুগায় যুদ্ধার্থং সমাহূতবান্ কিং কুর্ব্বন্ সোঢ়ুমশক্যৈরধিক্ষেপৈস্তং শম্বরং ক্ষিপন্ পরিভবন্ কলিং কলহং জনয়ংশ্চ ॥ ১৭ ॥

স ইতি। স শম্বরঃ পাদেন তাড়িতঃ সর্প ইব দুর্ব্বচোভিরধিক্ষেপৈরধিতপ্তঃ অত এব ক্রোধাত্তাম্রে লোচনে যস্য গদাপাণৌ যস্য সঃ নিশ্চক্রাম ॥ ১৮ ॥

তরসা বলেন গদামাবিধ্য ভ্রাময়িত্বা প্রক্ষিপ্য প্রযুজ্য বজ্রস্য অশনের্নিষ্পেষে নির্ঘাতে যথা নিষ্ঠুরস্তীব্রো নাদো ভবতি তথাভূতং নাদং ব্যনদচ্চকার পাকং পচতীতি বদয়ং নির্দ্দেশঃ ॥ ১৯ ॥

তামিতি। প্রদ্যুম্নঃ স্বগদয়া তাং শম্বরপ্রযুক্তামাকাশে আপতন্তীং গদামপাস্য নিরস্য স ইব স্বয়মপি নদন্ শত্রবে শম্বরায় স্বগদাং প্রাযুংক্ত ॥ ২০ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃতপদরত্নাবলী।

ওষ্ঠমবষ্টভ্য দংষ্ট্রা দন্তৈরিতি শেষঃ ॥ ১৭—১৮ ॥

নাদমিতি ক্রিয়াবিশেষণং ব্রজনিষ্পেষঃ স্ফূর্জ্জথুস্তদ্বন্নিষ্ঠুরো নাদো যথা ভবতি তথা ব্যনদৎ "স্ফূর্জ্জথুর্ব্বজ্রনিষ্পেষঃ ইতি হলায়ুধঃ ॥ ১৯—২০ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃতসুবোধিনী।

ততঃ প্রাপ্তবিদ্যঃ অক্লিষ্টকর্ম্মা জ্ঞাপয়িত্বৈব মারয়িষ্যামীতি বিদ্যাপ্রাবল্যং বক্তুমাহ্বানমাহ—স চ শম্বরমিতি। চকারাৎ তদ্গতো ভগবান্ পূর্ব্বক্রিয়য়া সমুচ্চয়মাহ তথা সতি বিদ্যাগ্রহণং তন্মারণার্থমেবেতীতি ফলিষ্যতি অভ্যেত্য নিকটে গত্বা শঙ্কাভাবো নিরূপিতঃ ব্যাজেন প্রবর্ত্তনং বারয়তি—সংযুগায় সমাহ্বয়দিতি। তং প্রসিদ্ধং প্রসিদ্ধো হ্যল্পমপ্যাক্ষেপং ন সহতে তত্রাপি নান্যদীয়মনুবদতি কিন্তু স্বয়মেব ক্ষিপতি স্নেহাৎপুত্রাদয়োঽপি কদাচিদেবং কুর্ব্বন্তীতি তদ্বা বৃত্ত্যর্থমাহ—সঞ্জনয়ন্ কলিমিতি। কলহমুৎপাদয়ন্ অহং প্রদ্যুম্নঃ কালঃ ত্বং শত্রুঃ ত্বাং মারয়িষ্যামীত্যাদিবাক্যান্যুক্তবানিত্যর্থঃ ॥ ১৭ ॥

ততো যুদ্ধার্থং প্রবৃত্ত ইত্যাহ। সোঽধিক্ষিপ্ত ইতি। যথা তস্মিন্ স্নেহঃ এবং দ্বেষোঽপীতি কথং প্রবৃত্তিরিত্যাশঙ্ক্য অধিক্ষেপস্য দৃষ্টত্বমাহ—দুর্ব্বচোভিরিতি। দুর্ব্বচোভিরাক্ষিপ্তঃ পিতাপি পুত্রং মারয়তীতি কৃত্রিমত্বে জাতে কথং ন প্রবর্ত্তেতেত্যর্থঃ ননু মৃত্যুরয়মিতি বিশেষেণ স সমাগতঃ ভয়াৎ কথং ন নিবৃত্তঃ তত্রাহ—পদাহত ইবোরগ ইতি। দীর্ঘরোষঃ সর্পঃ মরণমপ্যঙ্গীকরোতি ন তু নিবর্ত্ততে ইতি তস্য হি ক্রোধ এব পরিপাল্যঃ ন ত্বন্যে তত একেন সহ একেনৈব যুদ্ধং কর্ত্তব্যমিতি গদাপাণিরেব নির্গতঃ নাপি বদ্ধকবচঃ নাপি সসহায়ঃ তথা নির্গমনে হেতুরমর্ষাৎ তাম্রলোচন ইতি ক্রোধবশাৎ ন কিঞ্চিৎ জ্ঞাতবান্ দৃষ্টিরপি তাম্রেতি দৃষ্ট্বাপি ন জ্ঞাতবান্ ॥ ১৮ ॥

ততঃ প্রথমত এব স্বয়ং মারণার্থং প্রবৃত্ত ইত্যাহ—গদামাবিধ্যেতি। ক্রোধবশাৎ মহতীমপি গদামুত্তোল্য ভ্রাময়িত্বা বা তরসা যাবৎ সাবধানো ভবতি অনেন অপরাধাদপি তস্য পরাজয় এবেতি সূচিতং মহাত্মন ইতি তস্য পলায়নাদ্যভাবঃ সূচিতঃ প্রক্ষেপমাত্রেণৈব মারিত ইতি মত্বা ব্যনদৎ মূর্চ্ছিতস্য তেন নাদেন সুতরাং মরণং ভবতীতি জ্ঞাপয়িতুং বিশিনষ্টি—বজ্রনির্ঘোষনিষ্ঠুরমিতি। বজ্রস্য নিতরাং ঘোষঃ পাতসমশব্দঃ ততোঽপি নিষ্ঠুরমিতি ॥ ১৯ ॥

এতাদৃশোঽপ্যুদ্যমঃ ব্যর্থো জাতঃ প্রদ্যুম্নস্য পরাক্রমেণেত্যাহ। তামাপতন্তীমিতি। স্বগদয়া তাং গদামপাস্য আগচ্ছন্তীং দূরাদেব মারয়িত্বা ততঃ ক্রুদ্ধঃ সন্ তদ্বৎ স্বয়মপি নদন্ শত্রুস্মারণীয় এবেতি অন্যথা মারয়িষ্যতীতি স্বগদাং প্রাহিণোৎ ভগবানিত্যেতৎসামর্থ্যহেতুঃ ভগবৎকার্য্যত্বাদাবেশিত্বাদ্বা ভগবান্ ॥ ২০ ॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃতসারার্থদর্শিনী।

নিষ্পেষো নির্ঘাতঃ। বচনমবোচদিতিবন্নাদমনদদিতিসিদ্ধম্ ॥ ১৯—২০ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স চ মায়াং সমাশ্রিত্য দৈতেয়ীং ময়দর্শিতাম্।
(১) মুমুচেঽশ্মময়ং বর্ষং কাৰ্ষ্ণৌ বৈহায়সোঽসুরঃ ॥ ২১ ॥
বাধ্যমানোঽশ্মবর্ষেণ (২) রৌক্মিণেয়ো মহারথঃ।
সত্ত্বাত্মিকাং মহাবিদ্যাং সর্ব্বমায়োপমর্দ্দিনীম্ ॥ ২২ ॥
ততো গৌহ্যকগান্ধর্ব্বপৈশাচোরগরাক্ষসীঃ।
প্রাযুঙ্ক্ত শতশো দৈত্যঃ কার্ষ্ণির্ব্যধময়ৎ স্ম তাঃ (৩) ॥ ২৩ ॥
নিশাতমসিমুদ্যম্য সকিরীটং সকুণ্ডলম্।
শম্বরস্য শিরঃ কায়াৎ তাম্রশ্মশ্রোজসাহরৎ (৪) ॥ ২৪ ॥

শ্রীমদ্‌বলদেববিদ্যাভূষণকৃতবৈষ্ণবানন্দিনী।

আবিধ্য ভ্রাময়িত্বা বজ্রস্য নিষ্পেষো নির্ঘাতস্তদোঽপি নিষ্ঠুরং কঠোরং নাদং ব্যনদৎ বচনমবোচদিতিবৎ প্রয়োগঃ ॥ ১৯—২০ ॥

শ্রীযুক্তশুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপঃ।

আবিধ্য ভ্রাময়িত্বা বজ্রস্য নিষ্পেষে নির্ঘাতে যথা নিষ্ঠুরস্তীব্রো নাদো ভবতি তথাভূতং নাদং ব্যনদৎ বচনমবোচদিতিবদয়ং নির্দ্দেশঃ ॥ ১৯—২০ ॥

বঙ্গানুবাদ।

তাহার পর শ্রীপ্রদ্যুম্নও শম্বরাসুর সমীপে উপনীত হইয়া অতি দুঃসহ নিন্দাবাক্যের দ্বারা তিরস্কার করতঃ কলহ উৎপাদন করিয়া যুদ্ধ করিবার জন্য উচ্চৈঃস্বরে আহ্বান করিতে লাগিলেন ॥ ১৭ ॥

পাদাহত সর্পের ন্যায় সেই শম্বরাসুর শ্রীপ্রদ্যুম্নের দুর্ব্বাক্যে অধিক্ষিপ্ত হইয়া ক্রোধবশতঃ আরক্ত নয়নে গদাগ্রহণ পূর্ব্বক সেই শ্রীপ্রদ্যুম্নকে হনন করিবার ইচ্ছায় বহির্গত হইল ॥ ১৮ ॥

তখন শম্বর স্ববলে গদা ভ্রমণ করাইয়া মহাত্মা শ্রীপ্রদ্যুম্নকে লক্ষ্য করতঃ নিক্ষেপ করিল এবং বজ্রনির্ঘাতে যেরূপ তীব্র ধ্বনি হয়, তদ্রূপ অতি তীব্র শব্দ করিতে লাগিল ॥ ১৯ ॥

সর্ব্বশক্তিমান্ শ্রীকৃষ্ণ-তনয় শ্রীপ্রদ্যুম্ন সেই সম্মুখে আগত তদীয় গদা স্বীয় গদা দ্বারা নিবারণ করিয়া ক্রোধভরে শব্দ করিতে করিতে শত্রু শম্বরের প্রতি স্বকীয় গদা নিক্ষেপ করিলেন ॥ ২০ ॥

সান্বয়ব্যাখ্যা।

সঃ অসুরঃ চ (তু) ময়দর্শিতাং (ময়েন দর্শিতাং প্রবর্ত্তিতাং উপদিষ্টাং বা) দৈতেয়ীং মায়াং সমাশ্রিত্য বৈহায়সঃ (আকাশে স্থিতঃ সন্) কার্ষ্ণৌ (শ্রীকৃষ্ণতনয়ে প্রদ্যুম্নে) অশ্মময়ং (শিলাপ্রচুরং) বর্ষং মুমুচে ("ধাতূনামনেকার্থত্বাৎ—চকার ইত্যর্থঃ ॥ ২১ ॥

মহারথঃ (সর্ব্ববীরশ্রেষ্ঠঃ) রৌক্মিণেয়ঃ (শ্রীরুক্মিণীতনয়ঃ প্রদ্যুম্নঃ) অশ্মবর্ষেণ (শিলাবর্ষেণ) বাধ্যমানঃ (তাড্যমানঃ সন্) সর্ব্বমায়োপমর্দ্দিনীং (নিখিলমায়াবিনাশিনীং) সত্ত্বাত্মিকাং (সত্ত্বগুণময়ীং) মহাবিদ্যাং (প্রাযুঙ্ক্ত ইত্যুত্তরস্যানুষঙ্গঃ) ॥২২)

ততঃ (অনন্তরং) দৈত্যঃ (শম্বরাসুরঃ) শতশঃ গৌহ্যকগান্ধর্ব্বপৈশাচোরগরাক্ষসীঃ (গুহ্যকগন্ধর্ব্বপিশাচোরগরাক্ষসানাং সম্বন্ধিনীঃ মায়াঃ) প্রাযুঙ্ক্ত। স্ম (স্ম প্রসিদ্ধৌ) কার্ষ্ণিঃ তাঃ (সর্ব্বাঃ মায়াঃ) ব্যধময়ৎ (ব্যনাশয়ৎ) ॥ ২৩ ॥

(সঃ প্রদ্যুম্নঃ) ওজসা (বলেন) নিশাতং (সুতীক্ষ্ণং) অসিং

(১) নির্ম্মমেশ্মময়ং 'মুমুচেঽস্ত্রময়ং' (২) অস্ত্রবর্ষেণ'
(৩) ব্যথময়ৎ স তাঃ ইতি চ পাঠান্তরং।
(৪) তাম্রশ্মশ্রু জহার তৎ ইতি পাঠান্তরং।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(খড়্গং) উদ্যম্য শম্বরস্য সকিরীটং (মুকুটেন সহিতং) সকুণ্ডলং (স্বনামখ্যাতকর্ণভূষণেন সহিতং) তাম্রশ্মশ্রু (তাম্রাণি শ্মশ্রূণি যস্মিন্ তৎ) শিরঃ (মস্তকং) কায়াৎ (দেহাৎ) অহরৎ (দূরীচকার)॥ ২৪ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃতভাবার্থদীপিকা।

বৈহায়সঃ আকাশে স্থিতঃ॥ ২১ ॥
সত্ত্বাত্মিকাং সত্ত্বগুণময়ীং প্রায়ুঙ্ক্তেত্যুত্তরস্যানুষঙ্গঃ॥ ২২ ॥
তা মায়াঃ ব্যধময়ৎ ব্যনাশয়ৎ॥ ২৩ ॥
তাম্রাণি শ্মশ্রূণি যস্মিংস্তৎ ওজসা বলেন॥ ২৪—২৫ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃতবৃহৎবৈষ্ণবতোষণী।

ত্বর্থে চপ্রত্যয়ঃ শ্রীপ্রদ্যুম্নপ্রাহিতগদাবঞ্চনং সূচয়তি—ময়েন দর্শিতাং প্রকটিতামিতি মাহাত্ম্যং তস্যাঃ সূচিতং সম্যক্ পরোক্ষত্বাদিনা আশ্রিত্য অত এব বৈহায়সঃ সন্ অশ্মময়ং বর্ষং বৃষ্টিবদসংখ্যং শিলাজাতং মুমুচে অক্ষিপৎ তথা চ শ্রীহরিবংশে "ভস্মীভূতে বৃক্ষবর্ষে শিলাসঙ্ঘানবর্ষয়ৎ" ইতি। অতঃ পাঠান্তরমসঙ্গতমেব শিলাবর্ষস্যৈব মায়িকত্বাৎ॥ ২১ ॥

মহারথঃ বীরবর্গশ্রেষ্ঠঃ যতো রুক্মিণীগর্ভজাতঃ ইত্যাত্মবর্ষবাধা পরিহৃতা সর্ব্বাসামেব মায়ানামুপমর্দ্দনীমিতি তয়াশ্মবর্ষমায়া নিরস্তেতি বোধয়তি—শত ইতি। গৌহ্যকাদীনাং প্রত্যেকং বহুধা বহুশঃ প্রয়োগঞ্চ যদা অন্যা অপি মায়াঃ শতশ ইত্যর্থঃ তাশ্চোক্তাঃ শ্রীহরিবংশে—

"ততো মায়াং পরাং চক্রে দেবশত্রুঃ প্রতাপবান্
সিংহান্ ব্যাঘ্রান্ বরাহাংশ্চ তরক্ষূন্ঋক্ষবানরান্।
বারণান্ বারিদপ্রখ্যান্ হয়ানুষ্ট্রান্ বিশাংপতে॥

ইত্যাদিনা গৌহ্যকাদীনাং যথোত্তরং হিংস্রত্বে শ্রৈষ্ঠ্যং স্বপ্রসিদ্ধৌ তাঃ সর্ব্বাঃ যতঃ কাঞ্চিঃ অন্তাগ্রেঽপি পদ্যত্রয়েঽনুবৃত্তঃ। ২২—২৩।

কায়াদহরৎ দূরতঃ উচ্চৈঃ পাতয়ামাসেত্যর্থঃ। তাম্রশ্মশ্রুত্বে মহাদৈত্যত্বেন ঘোরত্বাদিকং সূচিতং কিরীটাদিসহিতমিতি হরণে মহাবেগাদিকঞ্চ অন্যথা তস্য তত্রৈবাদূরে পাতসম্ভবাৎ যদ্বা শম্বরস্য মহাবীরত্বং যুদ্ধোৎসাহভরেণৈব তত্তৎপরিধানাৎ॥ ২৪ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃতভাগবচ্চন্দ্রিকা।

স চ শম্বরঃ ময়েন দৈত্যদানবাচার্য্যেণ দর্শিতামুপদিষ্টাং মায়ামন্তর্দ্ধানাদ্যাত্মিকামাশ্রিত্য বৈহায়সঃ আকাশে স্থিতঃ কাঞ্চৌ প্রদ্যুম্নে শিলাময়ং বর্ষং মুমুচে॥ ২১ ॥

তদা রৌক্মিণেয়ঃ প্রদ্যুম্নঃ শিলাবর্ষেণ বাধ্যমানস্তাড্যমানঃ সত্ত্বাত্মিকাং সত্ত্বগুণময়ীং মায়াং মহাবিদ্যাখ্যাং সর্ব্বাসুরমায়োপঘাতিনীং প্রায়ুংক্তেত্যুত্তরস্যাপকর্ষঃ॥ ২২ ॥

ততঃ পুনর্দ্দৈত্যঃ গুহ্যকানাং সম্বন্ধিনীং তথা গন্ধর্ব্বাদিসম্বন্ধিনীং চ মায়াঃ প্রায়ুঙ্ক্ত কাঞ্চিস্তু তাঃ সর্ব্বা মায়াঃ ব্যধময়ৎ ব্যনাশয়ৎ॥ ২৩ ॥

ততঃ নিশিতং খড়্গমুদ্ধৃত্য নির্ম্মায় তাম্রাণি শ্মশ্রূণি যস্য তস্য শম্বরস্য কায়াৎ সকিরীটং সকুণ্ডলঞ্চ শিরো জহার পাতয়ামাসেত্যর্থঃ॥ ২৪ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃতপদরত্নাবলী।

দৈতেয়ীং দৈত্যানাং কুলং দেবতামিব বিভ্রমানাং বৈহায়সঃ বিহায়সি গগনে স্থিতঃ॥ ২১ ॥

সত্ত্বাত্মিকাং বলজ্ঞাননিধিবিষ্ণুদৈবত্যাং মহাবিদ্যাং বিদ্যানাস্ত্রসংজ্ঞাম্॥ ২২ ॥

গৌহ্যকাদীন্যস্ত্রাণি প্রায়ুঙ্ক্ত গুহ্যকাস্ত্রং গৌহ্যকং ব্যধময়দনাশয়ৎ॥ ২৩ ॥

তাম্রশ্মশ্রু কপিলরুচিরশ্মশ্রু॥ ২৪—২৫ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃতসুবোধিনী।

ততো লৌকিকেন জয়াভাবমাশঙ্ক্য মায়য়া ভগবদ্রূপয়া যুদ্ধং করিষ্যামীতি প্রবৃত্ত ইত্যাহ—স চ মায়ামিতি। দৈতেয়ীমিত্যনেন ভগবত্ত্বমুক্তং সম্যগাশ্রয়ণং মনঃপূর্ব্বকং ভক্ত্যা ময়দর্শিতামিতি সিদ্ধাদুপদেশঃ সফলো ভবতীতি জ্ঞাপনার্থঃ ততঃ অদৃশ্যঃ সন্ অস্ত্রময়মাগ্নেয়াদ্যস্ত্রসমূহং কাঙ্ক্ষৌ প্রদ্যুম্নে স্বয়ং বিহায়সি আকাশ এব স্থিতঃ বৈহায়সঃ অসুরাণামন্তরিক্ষেঽপি গতিরস্তীতি সূচয়িতুং তথোক্তম্॥ ২১॥

ততো মায়ায়া ভগবত্ত্বাৎ কাচিৎ পীড়া জাতেত্যাহ—বাধ্যমানো হস্ত্রবর্ষেণেতি হীনত্বং সম্পাদয়িতুং রৌক্মিণেয় ইত্যুক্তং ন হি কৃষ্ণপুত্রে বাধা সম্ভবতীতি তথাপি মহারথঃ ক্ষত্রিয়জাতিত্বেন প্রাপ্তসামর্থ্যঃ সত্ত্বাত্মিকাং প্রতিস্পর্দ্ধিনীং বিদ্যারূপাং তয়া সাক্ষাদুপদিষ্টাং সসাশ্রিত্য স্বয়মপ্যস্ত্রময়ং বর্ষং মুমোচেতি সম্বন্ধঃ॥ ২২॥

ততস্তেনাপি ব.হ্ব্যা মায়াঃ প্রদর্শিতা ইত্যাহ—তত ইতি। পঞ্চৈতা অঙ্গমায়াঃ তেন হি সাঙ্গো ভগবান্ সেবিত ইতি জ্ঞায়তে গন্ধর্ব্বা অপি দৈত্যপক্ষপাতিনঃ তেষামবান্তরভেদাঃ সন্তীতি আহ, প্রাযুংক্ত শতশ ইতি। সর্ব্বাসামপি সকৃদেব নিরাকরণং কৃতবানিত্যাহ—কাঙ্ক্ষিঃ স পূর্ব্বপ্রাপ্তমায়ঃ তাং বাধময়ৎ॥ ২৩॥

ততঃ পৌরুষদ্বয়েঽপি নষ্টে তং মারিতবানিত্যাহ। নিশাতমিতি। যথা শ্যেনে দৃষ্টে পক্ষিণো লীয়ন্তে তথা তস্মিন্ দৃষ্টে শম্বরো লীনো জাত ইতি নিষ্প্রভত্বং স্বেচ্ছয়া অসিমুদ্যম্য কিরীটকুণ্ডলসহিতং পরিত উপরি চ শোভাযুক্তমধোঽপি দুর্দ্ধর্ষং তাম্রশ্মশ্রু ওজসা অহরৎ ছিত্ত্বানীতবানিত্যর্থঃ॥ ২৪॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃতসারার্থদর্শিনী।

বৈহায়সঃ আকাশচারী॥ ২১॥

সত্ত্বাত্মিকাং বিদ্যাং প্রাযুংক্তেত্যুত্তরস্যানুষঙ্গঃ॥ ২২—২৭॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃতবৈষ্ণবানন্দিনী।

বৈহায়সঃ খে স্থিতঃ॥ ২১॥

সত্ত্বাত্মিকাং সত্ত্বগুণময়ীং মহাবিদ্যাং প্রাযুঙ্‌ক্তেত্যুত্তরেণ সম্বন্ধঃ॥ ২২॥

তা মায়াঃ ব্যধময়দনাশয়ৎ॥ ২৩॥

তাম্রাণি শ্মশ্রূণি যত্র তচ্ছিরঃ॥ ২৪॥

শ্রীযুক্তশুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপঃ।

বৈহায়সঃ খচরঃ॥ ২১॥

মহাবিদ্যাং প্রাযুংক্ত ইত্যুত্তরস্যানুষঙ্গঃ॥ ২২॥

ব্যধময়দ্ ব্যনাশয়ৎ॥ ২৩॥

ওজসা বলেন॥ ২৪—২৮॥

বঙ্গানুবাদ।

কিন্তু সেই অসুরও আবার ময়দর্শিত দৈতেয়ী মায়া সম্যক্‌রূপে আশ্রয় করিয়া আকাশে অবস্থান পূর্ব্বক শ্রীকৃষ্ণ-তনয় প্রদ্যুম্নের প্রতি প্রচুর শিলাবর্ষণ করিতে লাগিলেন॥ ২১॥

তখন মহারথ শ্রীরুক্মিণী নন্দন প্রদ্যুম্ন শিলাবর্ষণে তাড্যমান হইয়া সর্ব্বমায়াবিনাশিনী সত্ত্বগুণময়ী মহাবিদ্যা প্রয়োগ করিলেন॥ ২২॥

অনন্তর সেই শম্বরাসুর শত শত গুহ্যক, গন্ধর্ব্ব, পিশাচ, সর্প, ও রাক্ষস সম্বন্ধীয়া মায়া প্রয়োগ করিতে লাগিল, কিন্তু আবার সেই প্রসিদ্ধ শ্রীকৃষ্ণতনয়ও সেই সকল মায়া বিনাশ করিতে লাগিলেন॥ ২৩॥

আর সেই শ্রীপ্রদ্যুম্ন স্ববলে শাণিত অসি উত্তোলন পূর্ব্বক শম্বরের কুণ্ডল ও কিরীট সমন্বিত তাম্রবর্ণ-শ্মশ্রুযুক্ত মস্তক দেহ হইতে পৃথক্ করিয়া দিলেন॥ ২৪॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আকীর্য্যমাণো দিবিজৈঃ স্তবদ্ভিঃ কুসুমোৎকরৈঃ।
ভার্য্যয়াম্বরচারিণ্যা পুরং নীতো বিহায়সা ॥ ২৫ ॥
অন্তঃপুরবরং রাজন্ ললনাশতসঙ্কুলম্।
বিবেশ পত্ন্যা গগনাদ্বিদ্যুতেব বলাহকঃ ॥ ২৬ ॥
তং দৃষ্ট্বা জলদশ্যামং পীতকৌশেয়বাসসম্।
প্রলম্ববাহুং তাম্রাক্ষং সুস্মিতং রুচিরাননম্ ॥ ২৭ ॥
(১) স্বলঙ্কৃতমুখাম্ভোজং নীলবক্রালকাদিভিঃ।
কৃষ্ণং মত্বা স্ত্রিয়ো হ্রীতা (২) নিলিল্যুস্তত্র তত্র হ ॥ ২৮ ॥

সান্বয়ব্যাখ্য।

স্তবদ্ভিঃ দিবিজৈঃ (দেবৈঃ, কর্ত্তৃভিঃ) কুসুমোৎকরৈঃ (পুষ্পসমূহৈঃ) আকীর্য্যমাণঃ (ব্যাপ্যমানঃ শ্রীপ্রদ্যুম্নঃ) অম্বরচারিণ্যা (আকাশচারিণ্যা) ভার্য্যয়া (কান্তয়া মায়াবত্যা কর্ত্র্যা) বিহায়সা (গগনমার্গেণ) পুরং (দ্বারকাং) নীতঃ ॥ ২৫ ॥

রাজন্! (শ্রীপ্রদ্যুম্নঃ) বিদ্যুতা (সৌদামিন্যা, সহ) বলাহকঃ (মেঘঃ) ইব পত্ন্যা (ভার্য্যয়া সহ) গগনাৎ ললনাশতসঙ্কুলং (ললনাশতৈঃ বহুস্ত্রীজনৈঃ সঙ্কুলং সমাকীর্ণং) অন্তঃপুরবরং (অন্তঃপুরেষু বরং শ্রেষ্ঠং ভগবদীয়ত্বাৎ সর্ব্বমহিষীবরশ্রীরুক্মিণী সম্বন্ধাৎ বা) বিবেশ (প্রাবিশৎ) ॥ ২৬ ॥

হ ('হ' বিস্ময়ে) তত্র তত্র স্ত্রিয়ঃ জলদশ্যামং (নবজলধরবর্ণং) পীতকৌশেয়বাসসং (পীতে কৌশেয়ে বাসসী যস্য স তং পীতবর্ণপট্টবস্ত্রধারিণং) প্রলম্ববাহুং (প্রলম্বৌ বাহূ যস্য স তং—আজানুলম্বিতবাহুং) তাম্রাক্ষং তাম্রে রক্তবর্ণে অক্ষিণী যস্য স তং—অব্জদলবৎ ঈষদ্রক্তবর্ণনেত্রমিত্যর্থঃ) সুস্মিতং (সু উত্তমং স্মিতং যস্য স তং) রুচিরাননং (রুচিরং আননং যস্য স তং—মনোহরবদনং) নীলবক্রালকালিভিঃ (নীলাঃ বক্রাশ্চ যে অলকাস্ত এবালয়স্তৈঃ) স্বলঙ্কৃতমুখাম্ভোজং (স্বলঙ্কৃতং মুখাম্ভোজং যস্য স তং) তং (প্রদ্যুম্নং) দৃষ্ট্বা কৃষ্ণং মত্বা হ্রীতাঃ (লজ্জিতাঃ সত্যঃ) নিলিল্যুঃ (লীনাঃ বভূবুঃ) ॥ ২৭—২৮ ॥

(১) অলঙ্কৃত, (২) ভীতা ইতি চ পাঠান্তরং।

শ্রীশ্রীধরস্বামিকৃতভাবার্থদীপিকা।

বিদ্যুতা সহ বলাহকো মেঘ ইব ॥ ২৬—২৭ ॥
নীলাশ্চ বক্রাশ্চ যেঽলকাস্ত এবালয়স্তৈঃ হ্রীতা লজ্জিতাঃ ।২৮।

শ্রীমৎসনাতনগোস্বামিকৃতবৃহদ্বৈষ্ণবতোষণী।

দিবিজৈঃ কর্ত্তৃভিঃ পুষ্পসমূহৈঃ কৃত্বা আ সম্যক্ কীর্য্যমাণঃ ব্যাপ্যমানঃ ভার্য্যয়া মায়াবত্যা অম্বরচারিণ্যেতি দেবস্বভাব উক্তঃ অতো বিহায়সা আকাশমার্গেণ পুরং দ্বারকাং নীতঃ ॥ ২৫ ॥

অন্তঃপুরেষু বরং শ্রেষ্ঠং শ্রীভগবদীয়ত্বাৎ কিম্বা সর্ব্বমহিষীশ্রেষ্ঠশ্রীরুক্মিণীসম্বন্ধাৎ অত এব ললনানাং পরমসুন্দরাঙ্গনানাং শ্রীকৃষ্ণমহিষীণাং অন্যাসাং বা শ্রীরুক্মিণীসখ্যাদীনাং শতৈঃ সঙ্কুলং ব্যাপ্তং পত্ন্যা রত্যা সহ রাজন্নিতি প্রহর্ষোদয়াৎ কিম্বা রাজমানঃ সন্ শ্যামং গৌরবর্ণয়োস্তয়োরাকাশতঃ সহসা প্রবেশে দৃষ্টান্তঃ বিদ্যুতেবেতি ॥ ২৬ ॥

শ্রীকৃষ্ণমননায় তৎসাদৃশ্যমাহ—জলদেত্যাদিসপ্তপদৈঃ। তত্র জলশব্দেন সজলনবমেঘোঽভিপ্রেতঃ তেন সুশ্যামতোক্তা তাম্রাক্ষং প্রান্তরক্তাব্জপত্রতুল্যাক্ষমিতি জ্ঞেয়ং পদ্মদলায়তেক্ষণমিতি প্রাগুক্তেঃ রুচিরাননমিত্যনেন শ্রীনাসাদ্যবয়বানাং সৌন্দর্য্যং তথা সুকোমলগণ্ডত্বাদিনা পূর্ব্বোক্তরূঢ়যৌবনানুসারেণ নবযৌবনোদ্ভেদশ্চ সূচিত এব তথা চ শ্রীবিষ্ণুপুরাণে শ্রীরুক্মিণীদেব্যুক্তৌ "ধন্যায়াঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খলু পুত্রোঽয়ং বর্ত্ততে নবযৌবনঃ" ইতি, ঈদৃশং শ্রীহরিবংশেঽপি সুষ্ঠু কুণ্ডলাদিভ্যোঽপি বিশেষেণালঙ্কৃতং মুখাম্ভোজং যস্য তং অম্ভোজালিরূপকাভ্যাং ভৃঙ্গব্যাপ্তাব্জবচ্ছোভা ধ্বনিতা বিশেষণানামেষাং যথোত্তরং শ্রীকৃষ্ণজননে শ্রৈষ্ঠ্যং শ্রীকৃষ্ণজননায় তাদৃশান্যসৌন্দর্য্যাদৌ বর্ণয়িতুমপেক্ষ্যেঽপ্যেতাবত এব বর্ণনং শ্রীকৃষ্ণে তস্যাসাধারণত্বাৎ কিম্বা এতাবতৈব তন্মননপূর্ব্বং যদ্বা জলদেতি বর্ণাদেঃ শোভা ব্যঞ্জিতৈব, পীতেতি সর্ব্বশ্যালঙ্কারস্য, প্রলম্বেত্যবয়ববর্গসৌষ্ঠবস্য, তাম্রেতি সৌন্দর্য্যস্য সুস্মিতমিতি মাধুর্য্যস্য রুচিরেতি সাঙ্গশ্রীমুখসহজসৌন্দর্য্যবিশেষস্য বয়সশ্চোপলক্ষণম্ ॥ ২৭ ॥

স্বলঙ্কৃতেতি অলককুণ্ডলাদিদ্বারা শ্রীমুখশোভাবিশেষাপেক্ষয়েতি স্ত্রিয়ঃ শ্রীমহিষ্যাদ্যাঃ তত্র তত্র স্থানে স্থানে নিতরাং লিল্যুঃ কুতঃ ব্রীতাঃ লজ্জিতাঃ হ বিস্ময়ে স্ফুটমিতি বা ॥ ২৮ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃতভাগবতচন্দ্রচন্দ্রিকা।

আকীর্য্যমাণ ইতি। স্তবদ্ভির্ব্বিবিধৈর্দ্দেবৈঃ কর্ত্তৃভিঃ কুসুমোৎকরৈঃ কুসুমাঞ্জলিভিঃ কুসুমস্রজালৈর্ব্বা আকীর্য্যমাণঃ প্রদ্যুম্নঃ অম্বরে স্বয়ং চরতি অন্যাংশ্চ চারয়তি তচ্ছীলা তথা তয়া ভার্য্যয়া কর্ত্র্যা বিহায়সা আকাশমার্গেণ পুরীং দ্বারকাং প্রতি নীতঃ ॥ ২৫ ॥

তত্র হে রাজন্! ললনাঃ স্ত্রিয় এব রত্নানি তৈঃ সঙ্কুলম্ অন্তঃপুরশ্রেষ্ঠং পত্ন্যা সহ প্রবিবেশ যথা বিদ্যুতা সহ বলাহকো নীলমেঘস্তদ্বৎ ॥ ২৬ ॥

তমিতি। তং প্রবিষ্টং প্রদ্যুম্নং দৃষ্ট্বা স্ত্রিয়ঃ কৃষ্ণমেব মত্বা লজ্জিতাস্তত্র তত্র নিলিল্যুঃ কৃষ্ণং নত্বেতাত্র হেতুং বদন্ কৃষ্ণাসাধারণৈঃ ধর্ম্মৈর্বিশিনষ্টি। জলদশ্যামমিত্যাদি। প্রলম্বৌ দীর্ঘৌ বাহূ যস্য তং নীলা বক্রাশ্চ যেঽলকাস্ত এবালয়স্তৈরলঙ্কৃতং মুখাম্ভোজং যস্য তম্ ॥ ২৭—২৮ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃতপদরত্নাবলী।

বলাহকো মেঘঃ ॥ ২৬—২৭ ॥

নিলিল্যুঃ নিলীনাঃ ॥ ২৮ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃতবৃহৎক্রমসন্দর্ভঃ।

তং দৃষ্ট্বেত্যাদি কৃষ্ণাকারত্বাৎ অতঃ শ্রীকৃষ্ণঃ দ্বারকায়ামন্তঃপুরে দ্বিভুজ এবেতি কৃষ্ণভানত্বে হেতুঃ জলদশ্যামমিত্যাদিবিশেষণানি অতঃ কৃষ্ণ এব ইতি মত্বা অন্তঃপুরস্থিতাঃ স্ত্রিয়ো দাসীপ্রভৃতয়স্তত্র তত্র নিলিল্যুর্লীনা বভূবুঃ কুতঃ ইত্যাহ। ব্রীতা লজ্জিতাঃ এতেন শ্রীকৃষ্ণস্য নিত্যকিশোরত্বম্ ॥ ২৩—৩৯ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃতক্রমসন্দর্ভঃ।

॥ ২১—২৬ ॥

তাম্রে রক্তবর্ণে অক্ষিণী যস্য তম্ অম্বুজবৎ প্রান্তরক্তবর্ণাক্ষিমিত্যর্থঃ ॥ ২৭—৩৯ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃতসুবোধিনী।

এতৎ কর্ম্ম ন বিগীতমিতি জ্ঞাপয়িতুং দেবানাং সম্মাননামাহ—অবকীর্য্যমাণ ইতি। আকিরণং সর্ব্বত্র বৃষ্টিঃ কায়িকে বাচনিকে চোক্তে অর্থান্মানসিকমিতি সর্ব্বথা দেবানামাদর উক্তঃ ততো মায়াবত্যা অম্বরচারিণ্যা বিহায়সা আকাশমার্গেণ প্রদ্যুম্নো দ্বারকাং নীতঃ ॥ ২৫ ॥

আদৌ ভগবদ্গৃহে পুত্রত্বে সিদ্ধে পশ্চাদন্যত্র পুত্রত্বং সিধ্যতীতি পুরশব্দেন অন্তঃপুরমপ্যুচ্যতে কৃষ্ণান্তঃপুরং নীতবতী প্রদ্যুম্নস্য পরিজ্ঞানার্থম্ অন্তঃপুরেষু বরং ললনাশতৈঃ সঙ্কুলং বিদ্যুতেব বলাহক ইতি শোভা দোষাভাবশ্চোক্তঃ আকাশমার্গপ্রবেশে বিচারোঽপি ন জাতঃ আধিদৈবিকাস্তু জানন্তীতি ন নিরোধং কুর্ব্বন্তি পত্ন্যা সহ প্রবেশাৎ লৌকিকোঽপি ন দোষঃ ॥ ২৬ ॥

ততোঽন্তঃপুরং প্রবিষ্টস্য বিচারমাহ—তং দৃষ্ট্বেত্যষ্টভিঃ। সর্ব্বাসাং ত্রিভির্ব্বিচারঃ রুক্মিণ্যাঃ পঞ্চভিঃ সাধারণানাং বিচারে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১) অবধার্য্য শনেরীষদ্‌বৈলক্ষণ্যেন যোষিতঃ।
উপজগ্মুঃ প্রমুদিতাঃ সস্ত্রীরত্নং সুবিস্মিতাঃ (২) ॥ ২৯ ॥
অথ তত্রাসিতাপাঙ্গী বৈদর্ভী বল্গুভাষিণী।
অস্মরৎ স্বসুতং নষ্টং স্নেহস্নুতপয়োধরা ॥ ৩০ ॥

হেতুং বক্তুং প্রথমতো মোহমাহ—অন্তঃপুরে যাবন্তো জনাঃ সুতরাং স্ত্রিয়ঃ তং প্রদ্যুম্নং ভগবৎসদৃশং দৃষ্ট্বা কৃষ্ণং মত্বা প্রথমতঃ হ্রীণাঃ লজ্জিতাঃ সত্যঃ কৃষ্ণস্য স্ত্রিয়ো নিলিল্যুঃ তা হি স্বচ্ছন্দং ক্রীড়মানাঃ স্থিতাঃ অতো ভগবান্ দৃষ্টবানিতি লজ্জা ভগবৎসমানতাং বক্তুং বিশেষণান্যাহ—জলদশ্যামমিত্যাদিনা। ভগবান্ ষড়্‌গুণ সহিতঃ স্বয়ময়মপি সপ্তধা সমান ইতি শ্রীবৎসকৌস্তুভৌ বিনা অন্যস্যোপলক্ষণবর্ণনং জলদশ্যামমিতি রূপতুল্যতা আকৃতিস্তু পুত্রত্বাদেব সমানা ভবতি পীতপট্টাম্বরমিতি পরিচ্ছদতুল্যতা প্রলম্ব-বাহুমিতি স্ত্রীণাং সম্যক্ জ্ঞাতাবয়বতুল্যতা তাম্রাক্ষমিতি অনৌ-চিত্যাৎ ক্রুদ্ধ ইব স জ্ঞাতঃ ইদং বৈলক্ষণ্যমগ্রে বক্ষ্যতি সুস্মিত-মিতি তাসাং ভাব্যো ধর্ম্মঃ রুচিরাননমিতি সর্ব্বোৎকৃষ্টশোভা ॥২৭॥

অলঙ্কৃতং মুখাম্ভোজং যস্য নীলৈর্ব্বক্রৈরলকাদিভিঃ আদিশব্দেন কুণ্ডলকিরীটাদিভিঃ কিম্বহুনা ভগবদীয়া সর্ব্বা সামগ্রী গ্রাহ্যা মুখং হি সর্ব্বেষাং ভেদজনকং তদেব তুল্যং জাতমিতি ভ্রমো যুক্তঃ যত্র ক্বচিল্লীনা ইতি নিলীয় দর্শনং সম্ভবতীতি নিরূপয়িতুম্ ॥ ২৮ ॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃতসারার্থদর্শিনী।

হ্রীতাঃ লজ্জিতাঃ ॥ ২৮ ॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃতবৈষ্ণবানন্দিনী।

দিবিজৈর্দেবৈঃ আকীর্য্যমাণো ব্যাপ্যমানঃ পুরং দ্বারকাং ভার্য্যয়া নীতঃ ॥ ২৫ ॥

অন্তঃপুরেষু বরং শ্রীরুক্মিণীভবনং বিদ্যুতা সহ বলাহক ইব ॥২৬
তাম্রাক্ষমরুণান্তনেত্রম্ ॥ ২৭ ॥
নীলা বক্রাশ্চ যেঽলকাস্তদ্রূপৈরলিভিঃ হ্রীতা লজ্জিতাঃ ॥ ২৮ ॥

(১) উপধার্য, (২) শুচিস্মিতা ইতি চ পাঠান্তরং।

বঙ্গানুবাদ।

তখন—স্তবকারী দেবগণ কর্ত্তৃক পুষ্পসমূহবর্ষণে ব্যাপ্যমান শ্রীপ্রদ্যুম্নকে আকাশচারিণী ভার্য্যা মায়াবতী আকাশমার্গ দ্বারা শ্রীদ্বারকায় লইয়া গেলেন ॥ ২৫ ॥

হে রাজন্! বিদ্যুতের সহিত মিলিত-মেঘের ন্যায় শ্রীপ্রদ্যুম্ন ভার্য্যা মায়াবতীর সহিত গগন হইতে অবতরণ করিয়া শত শত স্ত্রীজন সমাকীর্ণ (ভগবদীয়ত্ব হেতু বা মহিষীশ্রেষ্ঠা শ্রীরুক্মিণী সম্বন্ধহেতু) শ্রেষ্ঠ অন্তঃপুরে প্রবেশ করিলেন ॥ ২৬ ॥

বিস্ময়ের বিষয় এই যে—সেই সেই স্থানে স্ত্রীগণ—নবজল-ধরবর্ণ, পীতবর্ণ পট্টবস্ত্রধারী, আজানুলম্বিত বাহু, পদ্মদলসদৃশ ঈষৎ রক্তবর্ণ নেত্র, উত্তমহাস্যযুক্ত, মনোহর বদন এবং নীলবর্ণ ও বক্র চূর্ণকুন্তলরূপ অলিনিবহে উত্তমালঙ্কৃত মুখকমলবিশিষ্ট সেই শ্রীপ্রদ্যুম্নকে সন্দর্শন করতঃ তাঁহাকে শ্রীকৃষ্ণ মনে করিয়া লজ্জাবশতঃ লুকায়িত হইলেন ॥ ২৭—২৮ ॥

সান্বয়ব্যাখ্যা।

যোষিতঃ (স্ত্রিয়ঃ) শনৈঃ ঈষদ্‌বৈলক্ষণ্যেন অবধার্য্য (শ্রীকৃষ্ণো ন ভবতীতি নিশ্চিত্য প্রমুদিতাঃ (শ্রীকৃষ্ণসারূপ্য-স্বাভাব্যাৎ—প্রকর্ষেণ মুদিতাঃ আনন্দিতাঃ) সুবিস্মিতাঃ (চমৎকৃতাঃ চ সত্যঃ) সস্ত্রীরত্নং (স্ত্রীষু রত্নং শ্রেষ্ঠা রতিঃ তেন সহিতং, তং) উপজগ্মুঃ ॥ ২৯ ॥

অথ (সমাগমানন্তরমেব) তত্র (তাসু পশ্যন্তীষু স্ত্রীষু মধ্যে) অসিতাপাঙ্গী (শোভনদর্শনা ইত্যর্থঃ) বল্গুভাষিণী (বল্গু রুচিরং যথা তথা ভাষতে ইতি তথা) বৈদর্ভী (বিদর্ভতনয়া শ্রীরুক্মিণী) স্নেহস্নুতপয়োধরা (স্নেহেন স্নুতৌ ক্ষরিতৌ পয়োধরৌ স্তনৌ যস্যাঃ তথোক্তা সতী) নষ্টং (অদর্শনং গতং) স্বসুতং (নিজতনয়ং) অস্মরৎ (স্মৃতবতী) ॥ ৩০ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোঽন্বয়ং নরবৈদূর্য্যঃ কস্য বা কমলেক্ষণঃ।
ধৃতঃ কয়া বা জঠরে (১) কেয়ং লব্ধা ত্বনেন বা ॥ ৩১ ॥
মম চাপ্যাত্মজো নষ্টো নীতো যঃ সূতিকাগৃহাৎ।
এতত্তুল্যবয়োরূপো যদি জীবতি কুত্রচিৎ ॥ ৩২ ॥

নরবৈদূর্য্যঃ (নরেষু বৈদূর্য্য ইব,—পুরুষশ্রেষ্ঠঃ) কমলেক্ষণঃ (কমলে ইব ঈক্ষণে যস্য তথাভূতঃ) অয়ং কঃ নু (বা) কস্য বা (পুত্রঃ ইত্যর্থঃ) কয়া বা জঠরে ধৃতঃ, তু অনেন লব্ধা ইয়ং বা কা ? ॥ ৩১ ॥

মম চ আত্মজঃ (সুতঃ) সূতিকাগৃহাৎ নীতঃ (অপহৃতঃ সন্) নষ্টঃ (অদর্শনং গতঃ সঃ) যদি কুত্রচিৎ জীবতি অপি ('অপি' সম্ভাবনায়াং, তর্হি অধুনা) এতত্তুল্যবয়োরূপঃ (এতেন সহ তুল্যং বয়ঃ রূপঞ্চ যস্য তথোক্তঃ, ভবেৎ) ॥ ৩২ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃতভাবার্থদীপিকা।
